গল্পদের গল্প

গল্প সবারই খুব প্রিয় জিনিস। সবাই গল্প শুনতে ভালবাসে। অনেক সময় এমনও হয় যে অনেকেই গল্প শুনতে শুনতে ক্ষিদে , ঘুম, পিপাসা সব ভুলে যায়। গল্প বলতে বা শুনতে কার না ভালো লাগে!


আমরা সবাই জীবনে যে কত গল্পই শুনেছি বা শুনিয়েছি- তার কোন হিসেব নেই। তা গুনেও শেষ করা যাবে না। এই সব গল্প নানান রকমের হয় – যেমন গাছ গাছালির, পশু পাখির, রাজা রানীর, বীর পুরুষের, জাদুগরের, ঠাকুমা-ঠাকুর্দা, দাদু-দিদিমাদের, হাসি তামাশার। আবার অনেক গল্প এরকম হয় যা নাকি সবাইকে ভাবতে বাধ্য করে।



তোমরা কি কখনো ভেবে দেখেছ যে এই গল্প গুলো এল কোথা থেকে? এসো, আজ তোমাদের সেই গল্প শোনাই।

এক গ্রামে একজন সজ্জন থাকত। একদিন তার এক বন্ধু ওকে একটা গোপন কথা জানায়। বেশ কিছুদিন ধরে সে সেই কথা তার মনেই লুকিয়ে রেখেছিল। কাউকে বলতে না পেরে তার পেট রোজ ফুলছিল। থাকতে না পেরে সে একদিন নিজের বউকে সেই গোপন কথাটা জানায়।

তারপর আর কি? ওর বউয়েরও পেট ফুলতে থাকে। সেও এই গোপন কথাটা বেশি দিন চেপে রাখতে পারল না। সে করল কি? বাগানে গিয়ে একটা গর্ত খুঁড়ে, গর্তকেই কথাটা বলল। আর তারপরে গর্তটাকে মাটি দিয়ে ভরিয়ে ফেলল। কিছুদিন পর, ওই জায়গায় একটা গাছ গজাল। তারপর সেই গাছের কাঠ দিয়ে একটা বাঁশি বানানো হল। এরপর সেই বাঁশিটা সারা গ্রামময় গল্পটি শুনিয়ে বেড়াতে লাগল।




এবার শোনো সুদূর আফ্রিকার একটা গল্প। বহু আগে একটা ইঁদুর (মেয়ে) ছিল। সে সব জায়গায় দাপিয়ে বেড়াতো। কখনো রাজার মহলের ভেতর, কখনো ঝোপে ঝাড়ে বা কখনো এর বাড়ি – ওর বাড়িতে।

আর ইঁদুরটি প্রতিটা বাড়ির দেওয়ালের গর্তের ভেতরে লুকিয়ে থেকে সবার কথা শুনতো। আর তার পর সেই কথাগুলো গাছের নিচে একটা গর্তের মধ্যে সাবধানে লুকিয়ে রাখত। ও গল্প গুলোকে খুবই ভালো বাসতে লেগেছিল।

একটা চালাক শেয়াল রোজ লুকিয়ে লুকিয়ে ইঁদুরটির এই কাণ্ড দেখতো। একদিন শেয়ালটা ওই গর্তটাকে খোঁড়া শুরু করল। সাথে সাথে সব গল্পগুলো কাঁপতে কাঁপতে নড়ে চড়ে উঠল। তারা সব হুড়মুড় করে বেরিয়ে এসে এদিকে ওদিকে দৌড়ে পালাতে থাকল- এ শহর থেকে ও শহরে, শহর থেকে গ্রামে, খামারে, প্রান্তরে, চারিদিকে...







সেই দিন থেকে অনন্ত কাল ধরে ওই গল্প গুলো সারা পৃথিবীতে ঘুরে বেরাচ্ছে।

ওই সব গল্পগুলোই এখন আমরাও শুনি। ওই গল্পগুলো এখন নানান রূপে আমরা আমাদের পরিবার আর বন্ধু বান্ধবদের শোনাই আর এই ভাবে গল্পগুলো আরো চারি দিকে ছড়িয়ে পড়তে থাকে।

এখানে সেই গল্পগুলোরই কয়েকটা রইলঃ

© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi

L. S. Saraswathi S. Rajalakshmi


Bengali Suchandrima Chowdhury

Artist Uma Krishnaswamy


হাতি আর কুকুরের বন্ধুত্ব

বহুকাল আগের কথা। কাশীতে ব্রহ্মদত্ত নামে এক রাজা রাজত্ব করত। সেই রাজার কাছে একটা হাতি ছিল।

মাহুত রোজ হাতিটাকে চান করাতে নিয়ে যেত।চান করানোর পরে ওকে খেতে দিত। মহুতের কুকুরও ওখানে চলে আসতো।হাতিটা আর কুকুরটা দুজনে এক সাথে মিলে মিশে খেতো। দেখতে দেখতে কিছুদিনের মধ্যে ওরা দুজন বন্ধু হয়ে উঠল।



হাতিটা রোজ কুকুরের জন্যে অপেক্ষা করত। যদি কোনো দিন কুকুরটা না আসতো সেদিন হাতিটা খাবার খেতো না। কুকুরটাও হাতিটার সাথে খুব খেলত। সে হাতির শুঁরে চড়ে ঝুলতো।



একবার মাহুতের কিছু টাকার প্রয়োজন হয়। সে তার কুকুরটাকে বিক্রি করে দেয়। কুকুরটার মানসিকভাবে একেবারে ভেঙ্গে পরে। কিন্তু বেচারার কিছুই করার ছিল না। চুপচাপ নুতন বাড়িতে চলে যায় সে।

এদিকে হাতিটার নিজের বন্ধুকে আর দেখতে না পেয়ে মন খারাপ হয়ে যায়। হাতিটা খাওয়া দাওয়া ছেড়ে দেয়। চান করতে চায় না। সারা দিন সে মন মরা হয়ে বসে থাকে।

হাতির খাওয়া দাওয়ার না করার কথা রাজা শুনতে পায়। রাজা তখন মাহুতের কাছে হাতির খবর নেবার জন্যে নিজের মন্ত্রীকে পাঠায়।

মন্ত্রী ওখানে গিয়েই হাতিটাকে ভালকরে পর্যবেক্ষণ করে। হাতিটা শারীরিক ভাবে ঠিকই ছিল। মন্ত্রী বুঝলো নিশ্চই হাতিটার মন ভাল নেই কোনো কারণে।



উনি আশে পাশের লোকেদের সাথে কথা বলেন। লোকেরা জানায় যে কুকুরটা চলে যাবার পর থেকেই হাতিটা এমন মনমরা হয়ে আছে। যবে থেকে কুকুরটি চলে গেছে ও খাওয়া দাওয়া ছেড়ে দিয়েছে।

মন্ত্রী তখনই রাজাকে খবর পাঠায়। রাজা তখন চারিদিকে ঢোল বাজিয়ে ঘোষণা করে যে 'যায় কাছে ওই কুকুরটি আছে সে জেনো তৎক্ষণাৎ তাকে ছেড়ে দেয়।'

যে লোকটি ওই কুকুরটা কিনেছিল তার কাছেও এই খবর পৌঁছায়।

ব্যস। ওই লোকটি কুকুরের গলার দড়িটা কেটে দেয়। কুকুরটা তখন লাফাতে লাফাতে দৌড়ে হাতির কাছে গিয়ে পৌঁছায়।

দুই বন্ধু একে অপরকে দেখে খুবই খুশি হয়। হাতিটা তখন কুকুরটাকে নিজের সুঁড়ে তুলে মাথায় উপর বসিয়ে দেয়। আনন্দে তার চোখ দিয়ে জল গড়াতে থাকে।

মাহুত তখন দৌড়ে গিয়ে খাবার নিয়ে আসে। হাতি তখন আগে কুকুরকে খাওয়ায় আর তার পর নিজেও খায়।

জাতক কথা



© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi


Bengali Suchandrima Chowdhury

L. S. Saraswathi S. Rajalakshmi

Artist Uma Krishnaswamy


03

নয়টা না দশটা




অনেক আগেকার একটা ঘটনা। এক ব্যবসায়ী নিজের দশটা উট নিয়ে মরুভূমির মধ্যে দিয়ে যাত্রা শুরু করে। সে নিজে একটা উটের পিঠের উপর বসে। সে উট নিয়ে আগে আগে চলে আর বাকি উটগুলো চলে তার পেছনে পেছনে।


যেতে যেতে তার মনে হয় "একবার গুণে দেখি তো, যে সব উটগুলো পেছনে পেছনে আসছে কিনা!" তখন সে পেছন ফিরে গুনতে থাকে-... এক, দুই, তিন, চার, পাঁচ, ছয়, সাত, আট, আর নয়....... আরে, একটা উট কম দেখেছি! কোথায় গেল?"
সে তখন চট করে উটের পিঠ থেকে নেমে পরে।



আর নিজের হারিয়ে যাওয়া উটটিকে এদিকে ওদিকে খুঁজতে শুরু করে। অনেক খোঁজাখুঁজির পরও সে তাকে খুঁজে পায়না। সে তখন ভাবে, হয়তো তার গুনতে কোনো ভুল হয়েছে। আবার সে গুনে দেখে। এক, দুই, তিন, চার......



.... আরে বাঃ! সব গুলোই তো আছে। সে তখন খুশি মনে আবার উটের পিঠে চড়ে এগোতে থাকে। কিছু দুর যাবার পর আবার তার মনে সন্দেহ জাগে। সে পিছনে গুনে দেখে যে আবার সেই নয়টা উট!



ব্যাপারী হকচকিয়ে যায়। বার বার একটা উট যাচ্ছে কোথায়? হড়বড় করে আবার সে নীচে নেমে পরে আর উটটাকে এদিকে সেদিকে খুঁজতে থাকে। কিন্তু কোথাও দেখতে পায় না। তারপর সে ক্লান্ত হয়ে তার উটেদের মাঝে ফিরে আসে।

সে ভাবে, "আমার কি তবে গোণার কিছু ভুল হচ্ছে? আবার গুণি তো!...এক, দুই, তিন, চার.........।"

কি আশ্চর্য্য! দশটাইতো আছে! "ওহ!" সে মনে মনে বলে, "তাহলে মনে হয় এই রোদ্দুরে আর গরমে আমার মাথার ব্বারোটা বেজে গেছে।" মনে মনে বিড়বিড় করতে করতে সে আবার সবার সামনের উটটার পিঠে চেপে বসে।

চলতে চলতে তারা মরুভুমির আরো ভিতরে প্রবেশ করে। তার মনে আবার সন্দেহ দেখা দেয়। পিছনে গুণে দেখে যে আবার সেই নয়টা উট।






"বার বার এই একটা উট যাচ্ছে কোথায়?" মরুভুমির গরমে তার মুখ দিয়ে আপনা থেকেই বেরিয়ে আসে। কিন্তু কোনো উত্তর সে খুঁজে পায় না। ব্যাপারী এবার উটের পিঠ থেকে নেমে পরে উটগুলোকে সার দিয়ে দাঁড় করিয়ে শুরু থেকে শেষ পর্যন্ত গুণতে থাকে, "এক, দুই, তিন, চার, পাঁচ, ছয়, সাত, আট, নয়, দশ।" আবার একবার পিছন থেকে সামনে গোণে, "এক, দুই, তিন, চার, পাঁচ, ছয়, সাত, আট, নয়, দশ।"

অবশেষে নিশ্চিন্ত হয়ে সে বলে, " আমি যখন একটা উটের পিঠে চড়ি, একটা উট কমে যায়। যখন আমি উটেদের সামনে হাঁটি, দশটাই থাকে। তাই এবার বাকীটা পথ আমি আর উটের পিঠে চড়ে যাব না।" এই বলে সে উটেদের দিকে চেয়ে বলে, "এবার থেকে আমি তোমাদের সঙ্গেই হেঁটে যাব।"

এই বলে ব্যাপারী সেই উটের সারির সামনে মরুভূমির ঐ গরমে সূর্যের তাপে তেতে পুড়ে হেঁটে হেঁটেই বাকীটা পথ অতিক্রম করে।



© Katha Jharna 2008

P. Saraswati V. Vijayakanthi

L. S. Saraswathi S. Rajalakshmi

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

Bengali Suchandrima Chowdhury

Artist S. P. Raju

ম্যাজিক পেন্সিল

04

কাশিম নামের একটা বাচ্চা ড্রইং করতে খুব ভালো বাসতো। ও তাই ধারালো পাথরের টুকরো বা ছোট গাছের ডাল দিয়ে মাটিতে আঁকতো।

গ্রামের সব আনাচে কানাচে, অলিতে গলিতে কাশিমের আঁকা ছবি দেখা যেত। এক দিন ওর মনে হলো ”যদি আমার কাছে একটা পেন্সিল থাকতো! তালে কতো সুন্দর সুন্দর আঁকতে পারতাম।“

একটা বুড়ো লোকের সাথে তার দেখা হল। ওর বুড়ো লোকটা কাশিমকে একটা পেন্সিল দিলো।


“এই পেন্সিল দিয়ে শুধু গরীব লোকেদের জন্যই ছবি বানিও।“ বলেই সেই বুড়ো লোকটা গায়েব হয়ে গেলো।



কাশিম খুব খুশি হলো এতে। ও তখনই একটা মুরগি আঁকলো। আরে বাহ! এটা কি হলো। মুরগীটা আসল জ্যান্ত হয়ে গেলো। ফের ও একটা বিড়াল আঁকলো। ওটাও জ্যান্ত হয়ে উঠলো। আশ্চর্যের ম্যাজিক পেন্সিল।

এবার কাশিম একটা বল বানালো। ওটাও আসল বল হয়ে গেলো। এর পর কাশিম খাতা, লাট্টু, জামা, ফুল আঁকলো। সব আসল হয়ে উঠলো। সে ঐসবই গরীবদের মধ্যে বিলিয়ে দিল। এরপর গরীব মানুষেরা যা যা চাইল, কাশিম তাই এঁকে দিয়ে আসল করে ওদের দিয়ে দিলো।

কাশিম রাত দিন আঁকতেই থাকল।



এই খবরটা গিয়ে পৌঁছলো রাজার কানে। রাজা ওকে ডেকে বললেন "আমাকে একটা সোনার মোহর ভরা গাছ বানিয়ে দেও।"

" মহারাজ, আপনার কাছে অনেক ধন আছে। আমি শুধু গরীবদের জন্যে আঁকতে পারি।" এই বলে কাশিম মানা করে দিলো।

রাজা রেগে গিয়ে কশিমকে কারাগারে বন্দী করে দিতে আদেশ দিলেন।



কিন্তু কাশিম কি কারাগারে খালি বসে থাকার ছেলে? ও খুব চালাক ছেলে। ও চট করে একটা তালার চাবি আঁকলো। ব্যাস, চাবিটা আসল হয়ে গেল। ও চট করে চাবিটা দিয়ে তালাটা খুলে কারাগার থেকে পালিয়ে গেল।

একটি মালেশিয়ান গল্পের অবলম্বনে



© Katha Jharna 2008

P. Saraswati V. Vijayakanthi

L. S. Saraswathi S. Rajalakshmi

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

Bengali Suchandrima Chowdhury

Artist S. P. Raju



বাঁদর হলো বাগানের মালি

অনেক দিন আগের কথা। এক রাজা তার এক আনন্দের দিনে খুশি হয়ে সব কর্মচারীদের ছুটি দিয়ে দিল। এমনকি রাজদরবারের কেউও বাদ গেল না। সবাই তাদের কাজ বাকী ছিল, তাড়াতাড়ি সাড়তে, সবার জন্য পছন্দমত উপহার কিনতে আর তাদের ব্যাগ গোছাতে ব্যস্ত হয়ে পড়ল। শুধু বাগানের যে মালী ছিল, সে চিন্তায় পড়ে গেল। মালী ভাবলো ও যদি চলে যায় তাহলে এই সব গাছেরা তো শুকিয়ে যাবে! কিন্তু তারও বাড়ি যাবার ইচ্ছা খুবই প্রবল ছিল।...উপায় নিশ্চই কিছু থাকবে!

রাজার ওই বাগানে একদল বাঁদর থাকত। মালী সেই বাঁদরদের দলপতির কাছে গিয়ে তাকে বলল,






"দেখ, তোমরা সবাই কেমন নিশ্চিন্তে স্বাধীন ভাবে বাগানে থাকতে পার। ফল মূল ইত্যাদি সব যত ইচ্ছে খেতে পার। গাছে ঝুলত পার। দাপাদাপি করে খেলতে পার। এখন আমি এক অসুবিধায় পড়েছি, তোমরা কি আমাকে সাহায্য করতে পার?"

বাঁদরদের নেতা সঙ্গে সঙ্গে বলে উঠলো " নিশ্চয়ই।"

মালী বলল "আমি একবার আমার বাড়ি যেতে চাই। আমার অবর্তমানে গাছগুলোতে একটু সময় করে রোজ জল দিতে হবে।"

সব বাঁদরেরা একত্রিত হয়েছিল সেখানে। তারা সবাই বলে উঠল, "হ্যাঁ হ্যাঁ, নিশ্চয়ই দিতে পারব।"



মালী ওদের ধন্যবাদ দিয়ে বলল “ কিন্তু মনে রাখো জল ঠিক ঠিক মাত্রায় দিতে হবে। দরকারের থেকে বেশীও নয়, আবার কমও নয়।“ বাঁদরেরা তাকে প্রতিশ্রুতি দিল যে তারা এমনটাই করবে। তাই শুনে মালীও নিশ্চিন্তে খুশীমনে নিজের গ্রামে চলে গেল।

বিকেল হতেই বাঁদরেরা সব জড়ো হয়ে গেল গাছে জল দেবার জন্য। নেতা ওদের মনে করিয়ে দিলো “ দেখো যেন সব গাছে ঠিক পরিমাণ জল দেওয়া হয়।“

একটা ছোট্ট বাঁদর তখন জিজ্ঞেস করে বসল “ আমরা কি করে ভুঝবো কোন গাছের জন্য কতটা পরিমাণ জল সঠিক?”


নেতা তখন চিন্তায় পরে গেল। কিছুক্ষণ ভেবে সে বলল, “ তোমরা এক কাজ কর। সব গাছকে উপরে ফেলে দেখো। যে গাছের মূল যত লম্বা তাতে তত বেশি জল লাগবে। লম্বা মূল হলে বেশী আর ছোট মূল হলে কম জল দেবে।“



এই শুনে সব বাঁদরগুলো এক এক করে বাগানের সব গাছ উপরে ফেললো। সব গাছ জড়ো করে তারা মাপতে বসল কোন গাছের মূল কত লম্বা- কোনটার বেশী লম্বা আর কোনটার কম। কিছুক্ষণের মধ্যেই তারা নিজেদের মধ্যে লড়াই করতে লাগল, “আমার গাছের মূল বেশী লম্বা!” কেউ বলল, “না, আমার গাছেরটা লম্বা!” এই করতে করতে তারা আসল লাজটাই ভুলে গেল।

এরপর, মালী যখন ফিরে আসল, সে দেখে মাথা চাপড়াল, হায়রে! গাছ সব উপড়ে পরে আছে। পুরো বাগান শুকিয়ে গেছে।

জাতক কথা



© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi

L. S. Saraswathi S. Rajalakshmi

Bengali Suchandrima Chowdhury

Artist S. P. Raju

অর্ধেক তোমার আর অর্ধেক আমার

06

অনেকদিন আগের কথা। এক বনের পাশে এক চাষীর একটা খালি জমি ছিল। চাষী ঠিক করল ঐ জমিতে বাদামের চাষ করবে। সে জমিতে লাঙ্গল চালিয়ে বীজ বপন করে, পরম যত্ন সহকারে নিয়মিত সেচ করে, আগাছা পরিষ্কার করে ফসল ফলাল। এরপর সে ফসল পাকার অপেক্ষা করতে লাগল।

তার এই কাজ রোজ কে লক্ষ্য করত জানো? একটা ভালুক।

একদিন সে চাষীর কাছে এসে বলল, “ওহে চাষী!





আমি তোমায় এবার খাব কিন্তু!" আর এই বলে সে তার থাবা তুলল চাষীকে মারবে বলে।

চাষী তো তখন ভয়ে কাঁপতে লাগল। চট করে সে উত্তর দিল, "আরে, ভালুক মশাই, তুমি **এখন** আমাকে খেও না! আমার ক্ষেতের এই বাদামের ফসল যখন পাকবে, আমরা দুজনে তখন তা আধাআধি করে ভাগ করে নেব, আর দুজনে মিলে খাব।"

ভালুক তখন থাবা নামিয়ে গররর করে বলল, "সেটা কিরকম!"

"মাটির তলায় ফসলের যে অংশটা থাকবে সেটা আমি নেব আর মাটির উপরে যা হবে তা তুমি নিয়ে নেবে।" চাষী বলল।

ভগবানের অসীম কৃপায় ভালুকটা ফসল কাটা পর্যন্ত অপেক্ষা করতে রাজী হল। সে **বনে** চলে গেল।

গোটা **মরসুমে** চাষী অনেক পরিশ্রম করল ফসলের পিছনে। তার জমি সবুজ শস্যে ভরে উঠল। দারুন ভাভে ফসল কাটা হল।

এবার ভালুকও পুরোনো কথামত এসে তার ভাগ চাইল।

বোঝাপড়া যেমন ছিল, সেই হিসাবে, চাষী গাছের ওপরের অংশগুলো ভালুককে দিয়ে দিলো। আর মাটির নীচে বাদাম গাছগুলোর যে অংশ ছিল তা

গাড়িতে ভরে নিল। যেই সে গাড়ি নিয়ে চলা শুরু করতে যাবে, এমন সময় ভালুকটা গর্জন করে উঠল, "দাড়াও! আমায়ও কিছু মূলের অংশ দাও তো! আমি একটু চেখে দেখি!"

চাষীর আর কিছু করার ছিল না। সে ভালুককে কয়েকটা বাদাম দিল।

ভালুক ঐ বাদাম কটা খেয়েই রেগে গিয়ে গর্জাতে গর্জাতে বলল " তুমি আমায় ঠকিয়েছ! শেকড়ের ভাগটা তো অনেক বেশি সুস্বাদু। ওপরে ডাল পাতায় কোন স্বাদ নেই।" এই বলে সে তার থাবা তুলে আক্রমণ করতে গেল......

চাষী তখুনি তাকে বলল " ভাল্লুক মশাই, রাগ করবেন না। এর পরের বার আমি আবার আরেকটা ফসল ফলাব। আর তখন আপনি নীচের ভাগ নিয়ে নেবেন আর আমি ওপরের ভাগ", সে কথা দিল।

ভগবানের অসীম কৃপা! ভালুক আবারও রাজী হল আর বনে চলে গেল।

ফসল রোপণের সময় এলে, এবার চাষী ঐ জমিতে এবার ভুট্টার বীজ বপন করল। অনেক পরিশ্রমের পর, খুব ভালো ভুট্টার ফলন হল। ফসল কাটার দিন এলো। ভালুক তার নিজের ভাগ চাইলো। ওকে কৃষক মাটির নিচের অংশগুলো দিয়ে ওপরের ভুট্টা গুলি গাড়িতে তুলে দ্রুত সেখান থেকে পলায়ন করল।



ভালুক মুলগুলো খেতে গেল, “আরে ছিঃ ছিঃ। এতে তো ভয়ঙ্কর বাজে খেতে!” বলে সে খেঁকিয়ে উঠল। “এবারেও চাষী আমায় ঠকিয়েছে! সে যদি আবার এখানে ফিরে আসে, আমি বেটাকে উচিত শিক্ষা দেবো!”

কিন্তু চাষী তো খুব চালাক- সেকি আর ফিরে আসে ওখানে?



© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi

L. S. Saraswathi S. Rajalakshmi

Bengali Suchandrima Chowdhury

Artist Uma Krishnaswamy

ঘর বদলানো

অনেকদিন আগের কথা। এক ধনী ব্যক্তি বড় শহরের চাকরি থেকে অবসর নেওয়ার সিদ্ধান্ত নিলেন। তিনি একটি ছোট গ্রামে একটি খুব সুন্দর বাংলো কিনলেন। ঘর বদলানোর পর তিনি তার নতুন বাংলোর বারান্দায় বসে দিব্যি শান্তি ও নীরবতা উপভোগ করছিলেন।

কিন্তু ঠিক পরের দিন সকালেই, তার শান্তি ভেঙে চুরমার হয়ে গেল!



ধনী লোকটির বাংলোর বাম দিকে ছিল একটি কামারের কর্মশালা, আর ডান দিকে, একটি ছুতারের কারখানা।

সারাদিন ধরে, কামারের হাতুড়ি দিয়ে লোহা পেটানোর "ঠং ঠং, ঝনঝন, ঝনঝন," শব্দ আসত । আর, "ঝ......ঝ ......," **করে ভোমরার ভনভনের** মত আওয়াজ আসত ছুতারের করাতের।

এই অবিরাম শব্দে ধনী লোকটির কান ঝালাপালা হয়ে গেছিল। তিনি বিশ্রামও নিতে পারতেন না, ঘুমাতেও পারতেন না। তাঁর অবস্থা সত্যি বড়ই শোচনীয় হয়ে উঠেছিল।

একদিন এল যখন তিনি আর সহ্য করতে পারলেন না। তিনি ছুতার এবং কামারকে ডেকে পাঠালেন। সাথে সাথে তারা সম্মানের সাথে তাঁর সামনে এসে দাঁড়াল।



ধনী ব্যাক্তি তাদের বললেন, "তোমাদের বাড়িগুলো থেকে এত শোরগোল আসে যে আমি বিশ্রাম নিতে বা ঘুমাতে পারি না।"

তারা উত্তর দিল, "আমরা সত্যিই দুঃখিত, মহাশয়। কিন্তু কী আর করা যাবে? আমরা গরীব মানুষ, আমাদের তো কাজ করতেই হবে!"

ধনী লোকটি বললেন, "দয়া করে তোমাদের বাড়িগুলো সরিয়ে নাও," এবং তাদের মোটা অঙ্কের টাকা দেওয়ার প্রস্তাব দিলেন। দুই কারিগর রাজি হয়ে গেল এবং আনন্দের সাথে চলে গেল।

ধনী লোকটি যখন দেখলেন তারা তাদের সরঞ্জাম ও গৃহস্থালীর জিনিসপত্র গাড়িতে তুলছে, তখন তিনি আনন্দিত হলেন। তিনি ভাবলেন, "কী স্বস্তি! অবশেষে আমি ঘুমাতে পারব।" আর তিনি সোজা বিছানায় চলে গেলেন।



কিন্তু পরের দিন তিনি সেই একই কান ফাটানো শব্দে ঘুম থেকে উঠলেন! এটা কি হল? তিনি তার চাকরকে খোঁজ নিতে পাঠালেন।

চাকর দৌড়ে ফিরে এল। সে বলল, "ওহ, প্রভু! কামার এবং ছুতার দুজনেই তো তাদের বাড়ি সরিয়ে নিয়েছে। কিন্তু কামার ছুতারের বাড়িতে গেছে আর ছুতার গেছে কামারের বাড়িতে!"

একটি কোরিয়ান গল্প




© Katha Jharna 2008

P. Saraswati V. Vijayakanthi
L. S. Saraswathi S. Rajalakshmi

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation
Bengali Suchandrima Chowdhury
Artist S. P. Raju

08

কার পাখি?





সে ছিল এক মনোরম সকাল। বাগানটি ফুলে ফুলে ভরে ছিল। গাছে গাছে পাখিরা কিচিরমিচির করছিল আর গান গাইছিল। রাজকুমার সিদ্ধার্থ ফুলের সুবাস উপভোগ করছিলেন।

হঠাৎ পাখীরা কিচিরমিচির করতে করতে এদিক-ওদিক উড়তে লাগল। "কী হয়েছে?" রাজকুমার ভাবলেন।



ঠিক সেই মুহূর্তে আকাশ থেকে একটি রাজহাঁস এসে পড়ল! সেটি সিদ্ধার্থের ঠিক পায়ের কাছে পড়ল। সিদ্ধার্থ দেখলেন একটি তীর রাজহাঁসটির শরীর ভেদ করে বেরিয়েছে। সেটি ব্যথা আর ভয়ে কাঁপছিল!

সিদ্ধার্থ পাখীটিকে তুলে নিলেন। তিনি সাবধানে তীরটি বের করে আনলেন। তিনি ক্ষতস্থানে কিছুটা ওষুধ লাগালেন। রাজহাঁসটিকে কোলে নিয়ে তিনি আলতো করে আঙুল দিয়ে আদর করতে লাগলেন। রাজহাঁসটি শান্ত হয়ে এল। অবশেষে, তার কাঁপুনি থেমে গেল।

হঠাৎ সিদ্ধার্থের ভাই দেবদত্ত দৌড়ে এলেন। তিনি সিদ্ধার্থের কোলে রাজহাঁসটিকে দেখে থেমে গেলেন।

"পাখীটা আমাকে দাও," তিনি বললেন। "ওটা আমার!"



কিন্তু সিদ্ধার্থ উত্তর দিল, "না! এই পাখীটা আমার। আমিই একে বাঁচিয়েছি।" সে রাজহাঁসটিকে বুকের কাছে জড়িয়ে ধরে প্রাসাদের দিকে হাঁটতে লাগল। দেবদত্ত তার পিছু পিছু গেল।

দুই ভাই রাজার কাছে গেল। "সিদ্ধার্থ আমাকে আমার পাখীটা দিচ্ছে না," দেবদত্ত অভিযোগ করল।

সিদ্ধার্থ উত্তর দিল, "বাবা, দেবদত্ত তীর ছুঁড়ে পাখিটাকে আহত করেছিল। কিন্তু আমি ওষুধ লাগিয়ে ওর জীবন বাঁচিয়েছি। তাই, পাখীটা আমার।"



“আমিই প্রথম ওকে দেখেছিলাম!” দেবদত্ত বলল। “তাই, এটা আমার।”

রাজা কিছুক্ষণ ভেবে বললেন, “দেবদত্ত, তুমি পাখীটাকে মারতে চেয়েছিলে। কিন্তু সিদ্ধার্থ একে বাঁচাতে চেয়েছিল। জীবন বাঁচানোর কাজ জীবন কেড়ে নেওয়ার কাজের চেয়ে বড়। তাই পাখীটা সিদ্ধার্থের।”



© Katha Jharna 2008

P. Saraswati V. Vijayakanthi
L. S. Saraswathi S. Rajalakshmi

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation
Bengali Suchandrima Chowdhury
Artist Uma Krishnaswamy

উট ও শিয়াল

"ওহে উট ভাই!" শিয়ালটি ডেকে উঠল। "নদীর ওপারে তাকিয়ে দেখো! ওই যে সব রসালো শসা দেখতে পাচ্ছ? চলো যাই, গিয়ে কয়েকটা খেয়ে দেখি!"

"হ্যাঁ, চলো যাই!" উট বলল। সে শিয়ালকে নিজের পিঠে চড়তে সাহায্য করল এবং তারপর নদী পার হওয়ার জন্য পা বাড়াল।

যখন তারা নদীর অন্য পাড়ে পৌঁছাল, শিয়ালটি লাফ দিয়ে নিচে নামল। তারা দুজনে মিলে শসা-ক্ষেতে ঢুকল এবং শসা চেখে দেখল। উমমম... কী দারুণ সুস্বাদু!





শিয়ালটি মাত্র কয়েকটি শসা খেল। তারপর সে সেখান থেকে সরে পড়তে চাইল। কিন্তু উট তখনো খাওয়া নিয়ে ব্যস্ত ছিল।

শিয়ালটি এদিক-সেদিক ছোটাছুটি করতে শুরু করল। "ভাই!" সে মিনমিন করে বলল। "তোমার খাওয়া কি এখনো শেষ হয়নি?"

উট বলল, "আমার পেট তো এখনো অর্ধেকও ভরেনি! তুমি চুপ করে থাকো আর আমাকে খেতে দাও।"

"আমি চুপ করে থাকতে পারব না! বিশেষ করে যখন আমার পেট ভরা!" শিয়াল বলল। "খাওয়ার পর আকাশের দিকে তাকিয়ে হুক্কা-হুয়া করাটা আমার স্বভাব। কিছু মনে কোরো না!" এই বলে সে হুক্কা-হুয়া করতে শুরু করল। "আউউউউ!"



এলাকার লোকজন সেই শব্দ শুনতে পেল। তারা লাঠি হাতে দৌড়ে এল। শিয়ালটি দ্রুত দৌড়ে পালাল এবং নদীর পাড়ে গিয়ে আশ্রয় নিল।

বেচারা উট! সে তো ফেঁসে গেল! লোকজন তাকে ধরে ফেলল এবং বেদম প্রহার করল। কোনোমতে সে তাদের হাত থেকে ছাড়া পেল এবং দৌড়ে শিয়ালের কাছে ফিরে এল।

"ওহ, কী আফসোস হচ্ছে! ওরা তোমাকে কী ভীষণ মেরেছে!" শিয়াল বলল।

"ও কিছু না," উট উত্তর দিল। "এসো, আমার পিঠে চড়ে বসো। চলো আমরা এই জায়গা ছেড়ে চলে যাই!"


যখন তারা নদীর মাঝখানে পৌঁছাল, উট হঠাৎ স্থির হয়ে দাঁড়িয়ে পড়ল। তারপর সে এদিক-ওদিক দুলতে শুরু করল।



শিয়াল তো অবাক হয়ে গেল। "এই!" সে চেঁচিয়ে উঠল। "তুমি এভাবে দুলছ কেন? আমি তো জলে পড়ে যাব!"

"আরে শান্ত হও ভাই!" উট বলল। "খাওয়ার পর এভাবে দুলতে থাকাটা আমার স্বভাব। কিছু মনে কোরো না!" এই বলে সে আরও জোরে জোরে দুলতে শুরু করল। শিয়ালটি আর্তনাদ করে উঠল, "দয়া করে থামো!"

কিন্তু উট দুলতেই থাকল! আর ঠিক যেমনটা আশঙ্কা করা হয়েছিল, শিয়ালটি উটের পিঠ থেকে ছিটকে জলে পড়ে গেল। বেচারা শিয়াল!



একটি পঞ্চতন্ত্রের গল্প



© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi

L. S. Saraswathi S. Rajalakshmi

Bengali Suchandrima Chowdhury

Artist Uma Krishnaswamy

একটি ডালপালার যাত্রা



"মট!"

একটি শুকনো ডাল একটি শাখা থেকে ভেঙে পড়ল। সেটি মাটিতে লুটিয়ে পড়ল। কিন্তু সেটি কি সেখানেই স্থির হয়ে পড়ে রইল? একদমই না! সেটি উঠে দাঁড়াল এবং এদিক-সেদিক ঘুরে বেড়াতে শুরু করল।



শীঘ্রই ডালটি একটি নদীর কাছে এসে পৌঁছাল। সেটি নদীতে ঝাঁপ দিল এবং ভেসে চলতে লাগল। নদীর স্রোতের সাথে সে খেলায় মেতে উঠল। তার সময়টা কাটছিল দারুণ আনন্দে!

হঠাৎ করেই... সুরের মূর্ছনা! ডালটি ওপরের দিকে তাকাল এবং দেখল একটি কোকিল গাছের ডালে বসে আছে। সে মিষ্টি সুরে গান গাইছিল।

ডালটি জলের কিনারে এসে থামল এবং গানটি শোনার জন্য সেখানেই দাঁড়িয়ে রইল।

সে কোকিলটির প্রশংসা করতে চাইল। কিন্তু... "...", "..."—ডালটি তো কথা বলতে পারে না!

হতাশ মনে সে আবার নিজের পথে পা বাড়াল।





কিছুক্ষণের মধ্যেই ডালটি একটি গোলাপ ঝোপের কাছে এসে পৌঁছাল। সে ফুলগুলোকে বলতে চাইল, "তোমরা কী ভীষণ সুন্দর!" কিন্তু সে তা বলতে পারল না।


আরও কিছুটা পথ এগিয়ে সে দেখল একটি ব্যাঙ কবিতা লিখছে! ডালটি তাকে দু-একটি পঙক্তি বা লাইন পরামর্শ হিসেবে দিতে চাইল। কিন্তু—

স্বভাবতই—সে তা করতে পারল না।

আহা, বেচারা ডালটি! সে যে পথ দিয়ে এসেছিল, সেই পথের দিকে একবার ফিরে তাকাল।


আরে! ওটা কী দেখা যাচ্ছে? মাটির ওপর দিয়ে একটি রেখা বা দাগ চলে গেছে, যা সরাসরি ডালটির কাছে এসে মিশেছে!






ওই রেখাটি ছিল তার নিজেরই চলার পথের চিহ্ন!

আনন্দে ডালটি নেচে উঠল। সে আঁকতে শুরু করল। প্রথমে সে আরও কিছু রেখা টানল। তারপর সে ছবি আঁকল—স্পষ্ট ও সুন্দর সব ছবি!



বনের পশুপাখীরা ভিড় করে ডালটিকে ঘিরে ধরল। কিন্তু ডালটি সেদিকে ভ্রুক্ষেপই করল না। সে তার ছবি আঁকায় পুরোপুরি মগ্ন হয়ে ছিল।




শীঘ্রই সেখানে এক চমৎকার প্রাকৃতিক দৃশ্য ফুটে উঠল। সেই দৃশ্য বনের সব পথঘাট ভরিয়ে দিল এবং চারদিকে ছড়িয়ে পড়ল। বনের কোনো প্রাণীই এর আগে এমন দৃশ্য কখনো দেখেনি!

বনের সবাই ডালটির প্রশংসা করতে চাইল।



পাখীরা তাদের ডানা ঝাপটাল এবং গান গেয়ে উঠল। ফুলগুলো ফুটে উঠল এবং মৃদু বাতাসে দুলে উঠল। প্রজাপতিরা গুনগুন শব্দ করতে লাগল। গাছগুলো তাদের ডালপালাগুলো আলতোভাবে দুলিয়ে অভিবাদন জানাল।



কিন্তু ডালটি তাদের দেখলও না, তাদের কথাও শুনতে পেল না। তার মন তখন কেবলই ছবি আঁকার চিন্তায় পূর্ণ হয়ে ছিল। সে অবিরাম ছবি এঁকেই চলল।



হঠাৎ করেই আকাশ কালো হয়ে এল। ওহ, সর্বনাশ! টুপ, টুপ, টুপ... এক পশলা বৃষ্টি এসে সেই সব সুন্দর ছবি ধুয়ে-মুছে দিল! বনের সবাই নীরবে শোক প্রকাশ করল।

কিন্তু ডালটি তাতে বিন্দুমাত্র বিচলিত বা চিন্তিত হলো না। কারণ, সে যখনই চাইবে, তখনই তো আবার নতুন করে ছবি আঁকতে পারবে! এবার সে একটা পাতার নিচে লুকিয়ে পড়ল আর বৃষ্টির থামার অপেক্ষা করতে লাগল। ওই তো! মেঘগুলো ইতিমধ্যেই সরে যেতে শুরু করেছে...

জন লেকনার-এর 'দ্য ক্লেভার স্টিক' অবলম্বনে



© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi

L. S. Saraswathi S. Rajalakshmi

Bengali Suchandrima Chowdhury

Artist Uma Krishnaswamy

আর কোনো ফল নয়!

একবার একটি ছোট বাঁদর ঘুরতে ঘুরতে একটি তরমুজ ক্ষেতে ঢুকে পড়ল। বড় আর গোলগাল ফলগুলোর দিকে সে পরম আনন্দের সাথে তাকিয়ে রইল। চপাং! সে সবচেয়ে বড় তরমুজটিতে তার দাঁত বসিয়ে দিল।

"ওহ!" ছোট বাঁদরটি চেঁচিয়ে উঠল, "এটার তো ভীষণ তেতো!"

একটি ছাগল দূর থেকে সব দেখছিল। "তোমার তরমুজের নরম ভেতরের অংশটা খাওয়া উচিত, খোসাটা নয়," সে বলল।

ছোট বাঁদরটি তরমুজের শক্ত খোসাটা থুথু করে ফেলে দিল। "আমি তো এটা জানতামই!" সে ধমক দিয়ে বলল। "তোমাকে আমাকে বলে দিতে হতো না!"



ছোট বাঁদরটি কিছুক্ষণ এদিক-সেদিক ঘুরে বেড়াল। হঠাৎ বাতাসের সাথে ভেসে এল এক মিষ্টি সুবাস। আহ! এ তো দেখি এক ফুটির বাগান! বাঁদরটি একটি ফুটি ভেঙে ফেলল এবং সেটির একেবারে ভেতরের অংশটা চেখে দেখল।

"ছিঃ!" সে বলে উঠল। "এই ফলটা তো বড্ড পিচ্ছিল!"

একটি গাধা দূর থেকে সব দেখছিল। "থামো!" সে বলল। "ফুটির ভেতরের ভাগটা পিচ্ছিল আর বীজে ভর্তি হয়! বরং খোসার কাছাকাছি থাকা নরম শাঁসটুকু খেয়ে দেখো।"

ছোট বাঁদরটি ফুটির পিচ্ছিল বীজগুলো থুথু করে ফেলে দিল। "আমি তো ওটা জানতামই!" সে বলল। "তোমাকে আমাকে বলে দিতে হতো না!"





বাঁদরটি আবারও পথ চলতে শুরু করল। তার পেটে তখন ভীষণ খিদে! হুমম... পথের ওপর এখানে-সেখানে ঝরে পড়া ফল ছড়িয়ে ছিটিয়ে আছে। বাঁদরটি ওপরের দিকে তাকাল। ওহ! সে তো দাঁড়িয়ে আছে একটি কাঠবাদাম গাছের নিচে! "এই ফলগুলো ছোট আর নরম," সে মনে মনে ভাবল। "এগুলো নিশ্চয়ই খেতে খুব সুস্বাদু হবে!" সে লাফ দিয়ে গাছে উঠল এবং একটা কাঠবাদাম পেড়ে নিল।

একটা নীলপাখী সব লক্ষ্য করছিল। "ফলের নরম খোসা দেখে ধোঁকা খেও না!" সে শিস দিয়ে বলল। "শক্ত খোলসটা ভেঙে ভেতরের বাদামটা খাও।"

কিন্তু এই ছোট্ট বাঁদরটা কি কথা শোনার পাত্র? পাখিটার কথা অগ্রাহ্য করে সে সজোরে কাঠবাদামটায় কামড় বসাল। "আমার দাঁত ভেঙে গেল!" সে চিৎকার করে উঠল।

সে একটা ডিগবাজি খেল এবং ধপাস করে মাটিতে আছড়ে পড়ল।





ছোট্ট বাঁদরটা ব্যাথায় চোয়াল চেপে ধরে এদিক-সেদিক ছুটোছুটি করতে লাগল। হঠাৎই সে গাছের নিচু হয়ে ঝুলে থাকা একটা ডালের সাথে ধাক্কা খেল। ডালটি ছিল পাকা নাশপাতিতে ঠাসা!

বাঁদরটা একটা নাশপাতি পেড়ে গাছের গুঁড়ির সাথে সজোরে আছড়ে দিল। সে নাশপাতির ভেতরের শক্ত কালো বীজগুলো বেছে নিয়ে নিজের মুখে পুরে দিল।

"উফফ, কী বিশ্রী!" বীজগুলো থুথু করে ফেলে দিতে দিতে সে চেঁচিয়ে উঠল।

নীলপাখীটা উড়ে তার কাছে এল এবং জিজ্ঞেস করল, "নাশপাতিটা কি খেতে সুস্বাদু ছিল?"

ছোট্ট বাঁদরটা তার হাতের তালুতে লেফটে থাকা নাশপাতিটা পাখীটার দিকে ছুঁড়ে মারল। "আমার আর কোনো ফল খাওয়ার দরকার নেই!" সে বলল।

চীনের একটি গল্প






© Katha Jharna 2008

P. Saraswati V. Vijayakanthi
L. S. Saraswathi S. Rajalakshmi

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation
Bengali Suchandrima Chowdhury
Artist Uma Krishnaswamy


12

আমরা কারা?



আমি আকাশকে করি আলোকিত
আর ধাঁধিয়ে দিই তোমার দু'চোখ!

আমি কাঁদতে কাঁদতে পড়ি ঝরে যখন
হাসিতে ভাসে পৃথিবী তখন।



কৃত্রিম জালিতে
ফুটে ওঠে জুঁই

আমি কখনও কখনও গোল
রঙ আমার মোটামুটি সাদা
দিনের আলোয় আমি যাই মিলিয়ে
রাতের অন্ধকারে আমি হই শক্তিশালী আর উজ্জ্বল!

নিঃশব্দে উঠি আমি বাতাসে ভেসে–
ভাসতে থাকি, সাদা আর স্থির, অনেক উঁচুতে,
ভারী আমি যখন, আমি খুব কালো,
করি গর্জন, দিই হুঙ্কার – আবার ডুবে যাবার আগে নীচে নামিআমি।




এই রঙিন ধনুকটা
এত উঁচুতে যে নাগালের বাইরে!

জীবন্ত জিনিসের বাতাস দরকার – আর আমারও!
জীবন্ত জিনিসের খাবার দরকার – আর আমারও!
জীবন্ত জিনিসের জল দরকার – কিন্তু আমার নয়!
যদি তুমি দাও আমাকে জল, আমি যাব মরে!

আমার মাথার উপরে আছে
সুন্দর, চওড়া একটা ছাদ
কিন্তু যখন আমি যাই কাছে
সেটা যায় সরে!

একে ছাড়া পড়বে নাকো বৃষ্টি
একে ছাড়া হবে নাকো ফসল বেশ।
একে ছাড়া কখনো বদলাবে না এ পৃথিবী
একে ছাড়া কখনো ঘুম হবে না শেষ!





গড়িয়ে চলে, ছুটে বেড়ায়;
লাফিয়ে ওঠে, খেলায় মাতে।
কোনো গর্ত পড়লে নজর—
ঝাঁপিয়ে পড়ে তার ভেতর!

পা নেই, তবু ঘুরে বেড়ায়;
হাত নেই, তবু করে স্পর্শ।
দেহ নেই, তবু খেলায় মাতে;
প্রাণ নেই, তবু ঢোকে ঘরে—
আবার যায় চলে ।

আহা! এ যে এক গরীবের বিছানা—
সকালে কেউ একে গুটিয়ে রাখবে না!

সর্বদাই গতিশীল, নেই কোনো বিশ্রাম;
আমার বিশাল উদরে ধারণ করি লক্ষ ব্যস্ত প্রাণ।
ভারী যা-কিছু, গিলে ফেলি নিমেষে—
শুধু কাঠের জিনিস ছাড়া; বাকি সব দিই সাবরে।

আগুন, মাটি, বাতাস, জল, আকাশ, সূর্য, সাগর,
চাঁদ, তারা, বৃষ্টি, মেঘ, রংধনু, বিজলি

ঠিক যেমন এক আঁটসাঁট আবরণে—
ঢেকে রাখি আমি সর্বাঙ্গ তোমার
গ্রীষ্মে আমি ভিজি ঘামে —
আর শীত হলে সময় হওয় কাঁপার।

এক দীর্ঘ শৈলশিরা—
যার দুই পাশই ঢালু হয়ে নেমে গেছে।

তারা একে অপরের বোন;
তারা একে প্রতিবেশী অপরের।
তারা কাজ করে কাঁধে মিলিয়ে কাঁধ —
তবু দেখা হয় না কখনো একে অন্যের।

আমি শুনি প্রতিটি কথা—
কিন্তু যা শুনেছি, তা কাউকে বলি না কভু।

যে-ই আসুক তাকে বরণ করে নিই—
উষ্ণতা আর বন্ধুত্বের দিয়ে পরশ।
তবু পড়ে রই আমার এই খোলামেলা ঘরে—
কোথাও যাই না আমি আমার ঘর ছেড়ে।

জিহ্বা, নাক, চোখ, কান, ত্বক।

© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi
L. S. Saraswathi S. Rajalakshmi

Bengali Suchandrima Chowdhury
Artist Uma Krishnaswamy

ইঁদুরদের কুচকাওয়াজ

একবার এক ধূর্ত বিড়াল ইঁদুর ধরার জন্য একটি ফন্দি আঁটল।


সে একটি সভার আয়োজন করল এবং ইঁদুরদের বলল, "বন্ধুরা! বছরের পর বছর ধরে আমি তোমাদের শিকার করেছি, তোমাদের পিছু ধাওয়া করেছি এবং তোমাদের বিন্দুমাত্র শান্তি দিইনি। তবে এখন এসো, আমরা যুদ্ধবিরতি ঘোষণা করি। আমরা কি এখন থেকে মিলেমিশে শান্তিতে বসবাস করার চেষ্টা করতে পারি না?"

ইঁদুররা তো অবাক!

বিড়ালটি বলতে থাকল, "আমার শুধু একটাই অনুরোধ—প্রতিদিন সকালে ও সন্ধ্যায় তোমরা আমার প্রতি তোমাদের কৃতজ্ঞতা ও শ্রদ্ধা জানাবে। দিনে দুবার, তোমরা সবাই আমার সামনে দিয়ে কুচকাওয়াজ করে যাবে, আমাকে মাথা নুইয়ে প্রণাম করবে এবং তারপর চলে যাবে। ব্যস, এটুকুই!"

এ কথা শুনে সব ইঁদুর আনন্দে হর্ষধ্বনি করে উঠল। তারা বিন্দুমাত্র সন্দেহ করল না!

তোমরা কি বিড়ালটির ফন্দিটা আঁচ করতে পারছ? এরপর থেকে সে একটি সিংহাসনে বসে থাকত, আর ইঁদুররা একে একে তার সামনে এসে মাথা নুইয়ে প্রণাম করে চলে যেত। আর সারির একদম শেষ ইঁদুরটি—সেই ইঁদুরটিই হতো বিড়ালটির ভোজ!



বেশ কয়েক দিন ধরে এই পরিকল্পনাটি নির্বিঘ্নেই চলল। অধিকাংশ ইঁদুরই বুঝতে পারল না যে, কোথাও কোনো গোলমাল হচ্ছে।

তবে ইঁদুরদের দলে দুটি ধূর্ত বন্ধু ছিল—আম্বে এবং রাম্বে। এই দুজন লক্ষ্য করল যে, প্রতিদিন সারিতে দাঁড়ানো ইঁদুরের সংখ্যা ক্রমশ কমে আসছে। তাদের ইঁদুর-গোষ্ঠীর আকার ছোট হয়ে আসছিল!

আম্বে এবং রাম্বের মনে সঙ্গে সঙ্গেই বিড়ালটিকে নিয়ে সন্দেহ জাগল। তারা দুজনে মিলে শলা-পরামর্শ করে নিজেদের মতো করে একটি পরিকল্পনা সাজিয়ে নিল।

পরের দিন সকালে, আম্বে সারির একদম প্রথমে দাঁড়াল এবং হাঁক দিয়ে বলল, "রাম্বে, তুমি কোথায়?" রাম্বে দাঁড়িয়েছিল সারির একদম শেষে। সে উত্তর দিল, "আমি তো ঠিক এখানেই আছি!"




সারিটি যখন সামনের দিকে এগোচ্ছিল, তখন তারা একে অপরের নাম ধরে ডাকতে থাকল। আর সন্ধ্যায়ও তারা ঠিক একই কাজ করল—তবে এবার রাম্বে দাঁড়াল সারির সামনে আর আম্বে দাঁড়াল একদম শেষে।

বিড়ালটি তো রাগে অগ্নিশর্মা হয়ে উঠল। এই নতুন জীবনধারাটি সে বেশ উপভোগই করছিল। প্রতিদিন, দিনে দুবার—তার সামনে দিয়ে হেঁটে যেত এক সুস্বাদু ভোজ, যাকে সে সহজেই ধরে খেতে পারত। এ এক চমৎকার ব্যবস্থা ছিল!

কিন্তু এখন উপায় কী? বিড়ালটি যদি সকালে রাম্বেকে কিংবা সন্ধ্যায় আম্বেকে ধরে খেয়ে ফেলে, তবে তার চালাকিটি তো ফাঁস হয়ে যাবে!


সেদিন বিড়ালটিকে না খেয়েই থাকতে হলো। সারা রাত সে এক মুহূর্তের জন্যও চোখের পাতা এক করতে পারল না!



তবে ভোরের আলো তার জন্য নিয়ে এল এক নতুন আশা। বিড়ালটি মনে মনে ভাবল, "গতকাল যা ঘটল, তা ছিল খুবই অস্বাভাবিক। এবার আমি নিশ্চিতভাবেই সারির শেষ ইঁদুরটিকে ধরে ফেলব।" আর সে বেশ খুশিমনেই গিয়ে নিজের সিংহাসনে বসল।

কিন্তু সেদিন সকালেও, শোভাযাত্রার সময় আম্বে আর রাম্বে একে অপরকে ডেকে উঠল। আর সন্ধ্যায়ও তারা ঠিক একই কাজ করল।

বিড়ালটির জন্য আরও একটি নির্ঘুম রাত! সে রাগে ফুঁসতে ফুঁসতে বিকট স্বরে চিৎকার করে উঠল। "আমাকে টেক্কা দেবে ওরা? আমি ওদের উচিত শিক্ষা দেব!"







সে রাতে আম্বে আর রাম্বে তাদের সব বন্ধুদের সতর্ক করে দিল—"তোমরা সবাই সজাগ থেকো। যদি বিড়ালটার চোখের দৃষ্টিতে কোনো পরিবর্তন লক্ষ্য করো, তবে যত দ্রুত সম্ভব সেখান থেকে পালিয়ে যেও।"

পরের দিন সকালে, আম্বে যখন চিৎকার করে বলল—"রাম্বে, তুমি কোথায়?"—ঠিক তখনই বিড়ালটি তাদের ওপর ঝাঁপিয়ে পড়ল!

কিন্তু ইঁদুরগুলো কি এর জন্য প্রস্তুত ছিল না? বিদ্যুতের গতিতে তারা চোখের পলকে অদৃশ্য হয়ে গেল!

তিব্বতের একটি গল্প



© Katha Jharna 2008

P. Saraswati V. Vijayakanthi
L. S. Saraswathi S. Rajalakshmi

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation
Bengali Suchandrima Chowdhury
Artist Uma Krishnaswamy

খালি পাত্র


ছোট্ট পিং ছিল একজন অত্যন্ত উৎসাহী মালী। সে যা-ই রোপণ করত, তা-ই সতেজ ও সবুজ হয়ে বেড়ে উঠত। তার বাগানের ফুলগুলো সর্বদা চমৎকারভাবে প্রস্ফুটিত হতো।

সেই দেশের রাজা নিজেও ছিলেন একজন বাগান-প্রেমী। তাঁর ফুলের বাগানগুলো ছিল তাঁর গর্ব ও আনন্দের উৎস। অন্য কোনো দেশে এমন সুবাসিত বাতাস ছিল না!

একদিন রাজা তাঁর সবচেয়ে বিশ্বস্ত মন্ত্রীকে বললেন, "আমার উত্তরাধিকারী নির্বাচনের সময় উপস্থিত হয়েছে। দয়া করে রাজ্যের সকল শিশুকে রাজপ্রাসাদে আমন্ত্রণ জানান।"

সবাই সমবেত হলে, রাজা অত্যন্ত স্নেহভরে তাদের উদ্দেশ্যে ভাষণ দিলেন। তিনি বললেন, "প্রিয় শিশুরা, আজ তোমাদের প্রত্যেককে এক নির্দিষ্ট পরিমাণ ফুলের বীজ দেওয়া হবে। এই বীজ থেকে যে শিশুটি সবচেয়ে সুন্দর ফুল ফোটাতে পারবে, সেই হবে আমার উত্তরাধিকারী এবং আমার অবর্তমানে আমার রাজ্য শাসন করবে।"

রাজার হাত থেকে বীজ গ্রহণ করার সময় প্রতিটি শিশুর মনেই ছিল প্রবল উত্তেজনা ও আনন্দ।



ছোট্ট পিং দ্রুত পায়ে বাড়ি ফিরে এল এবং রাজার দেওয়া বীজগুলো একটি পাত্রে রোপণ করল। সে প্রতিদিন বীজগুলোতে জল দিত এবং চারা গজানোর অপেক্ষায় অধীর আগ্রহে প্রহর গুনত।

এক সপ্তাহ কেটে গেল, কিন্তু কোনো চারাগাছই গজালো না! পিং পাত্রের মাটি বদলে দিল এবং অপেক্ষা করতে লাগল। সে বীজগুলো আরও বড় একটি পাত্রে সরিয়ে রাখল এবং আবারও অপেক্ষা করল। কিন্তু বীজগুলো থেকে কিছুতেই গাছ গজালো না!



নির্ধারিত দিনে, রাজ্যের প্রতিটি রাজপথ ফুলে ফুলে ভরে উঠল। বাতাসে ভেসে বেড়াচ্ছিল নানা ফুলের সুবাসের এক মনমোহিনী মিশ্রণ।

পিং জানালার পাশে বসে শিশুদের সেই আনন্দমুখর ভিড়ের দিকে তাকিয়ে রইল। তার হৃদয়টা যেন ভেঙে যাচ্ছিল।

"অন্য সব শিশু রাজার দেওয়া বীজ থেকে চারাগাছ ফলাতে পেরেছে। একমাত্র আমিই ব্যর্থ হয়েছি," সে মনে মনে ভাবল। "সবাই আমার এই খালি পাত্রের দিকে তাকাবে এবং আমাকে নিয়ে হাসাহাসি করবে।" তাই সে রাজপ্রাসাদে না যাওয়ারই সিদ্ধান্ত নিল।



কিন্তু পিংয়ের বাবা তাকে সাহস জোগালেন। তিনি জোর দিয়ে বললেন, "তুমি তোমার সাধ্যমতো সর্বোচ্চ চেষ্টা করেছ। আর সেটাই হলো আসল কথা—তার চেয়ে গুরুত্বপূর্ণ আর কিছুই নেই!"

এদিকে রাজপ্রাসাদে, রাজা সারিবদ্ধভাবে দাঁড়িয়ে থাকা শিশুদের পাশ দিয়ে হেঁটে যাচ্ছিলেন এবং তাদের চারাগাছগুলো পর্যবেক্ষণ করছিলেন। তিনি প্রতিটি শিশুর দিকে তাকিয়েই স্নেহমাখা হাসি হাসছিলেন, কিন্তু কোনো শিশুর সামনেই তিনি থেমে গেলেন না।

পিং যখন দৌড়ে সেখানে এসে পৌঁছাল, রাজা তাকে কাছে ডেকে জিজ্ঞেস করলেন, "তুমি কেন আমার জন্য একটি খালি পাত্র নিয়ে এসেছ?"

পিং কেঁদে ফেলল। সে বলল, "আপনি আমাকে যে বীজগুলো দিয়েছিলেন, আমি সেগুলো খুব ভালো মাটিতে রোপণ করেছিলাম। আমি প্রতিদিন সেগুলোতে জল দিয়েছি। কিন্তু সেগুলো থেকে কোনো চারা গজালো না! আমি মাটি বদলে দিলাম। এমনকি পাত্রটিও পরিবর্তন করলাম। কিন্তু বীজগুলো কিছুতেই গজালো না।"





রাজা তো আনন্দে আত্মহারা হয়ে গেলেন! তিনি পিংয়ের দিকে তাকিয়ে উজ্জ্বল হাসি হাসলেন এবং তারপর সমস্ত আশা করে চেয়ে থাকা শিশুদের দিকে তাকিয়ে হাসলেন। "তোমাদের ফুলগুলো তো চমৎকার!" তিনি বললেন। "কিন্তু এগুলো আমি তোমাদের যে বীজ দিয়েছিলাম, তা থেকে ফোটেনি। ওই বীজগুলো ছিল সেদ্ধ করা। সেগুলোর কোনোটি থেকেই তো চারা গজানোর কথা নয়!"

রাজা আবার পিংয়ের দিকে ফিরলেন। "একটি খালি পাত্র নিয়ে আমার কাছে আসার জন্য আমি তোমাকে সাধুবাদ জানাই!" তিনি বললেন।

এরপর তিনি সবার উদ্দেশ্যে ঘোষণা করলেন, "এই সৎ পিং-ই হবে তোমাদের পরবর্তী রাজা।"

চীনের একটি গল্প



© Katha Jharna 2008

P. Saraswati V. Vijayakanthi

L. S. Saraswathi S. Rajalakshmi

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

Bengali Suchandrima Chowdhury

Artist S. P. Raju

15

দর্জি ও চাঁদ



অনেক আগে, এক গ্রামে এক দর্জির একটি ছোট দোকান ছিল। সে ছিল একজন অতি সাধারণ মানুষ, যে সারাদিন অত্যন্ত কঠোর পরিশ্রম করত। তার তৈরি গরম পোশাকগুলো এত সুন্দর ছিল যে সেগুলো সবার কাছে জনপ্রিয় হয়ে উঠেছিল।

একদিন সেই দর্জি সময়ের আগেই তার দোকান বন্ধ করে দিল। কোটটি ভালো করে গায়ে জড়িয়ে সে শীতের সন্ধ্যায় বেরিয়ে পড়ল। হঠাৎই সে একটি মৃদু কন্ঠস্বর শুনতে পেল।



"আমার ভীষণ শীত লাগছে," কন্ঠস্বরটি বলল, "আর আমাকে অনেকটা পথ যেতে হবে। তুমি কি আমার জন্য একটি কোট সেলাই করে দেবে?"

দর্জি চারদিকে তাকাল। দৃষ্টি যতদূর যায়, রাস্তাটি ছিল সম্পূর্ণ জনশূন্য।

"উপরে তাকাও," কন্ঠস্বরটি বলল। "আমি তো এখানেই আছি।" দর্জি দেখল সেটি আর কেউ নয়— স্বয়ং একফালি চাঁদ!

দর্জি চাঁদের দিকে একদৃষ্টিতে তাকিয়ে রইল। চাঁদ তখন আকাশের অনেক উঁচুতে এবং দেখতে বেশ ছোট দেখাচ্ছিল।

"ওহ! বেচারা শীতে কুঁকড়ে একেবারে ছোট হয়ে গেছে," সে মনে মনে ভাবল। তাই, সে চাঁদের জন্য একটি সুন্দর ও গরম কোট সেলাই করে দিতে রাজি হয়ে গেল।

পরদিন সকালে, দর্জি খাঁটি রেশমের কিছু টুকরো জড়ো করল এবং চাঁদের আকৃতি অনুযায়ী সেগুলো কেটে নিল। মাত্র তিন দিনের মধ্যেই সে কোটটি সেলাই শেষ করে ফেলল। কোটটি ছিল সাদা এবং নকশার দিক থেকে বেশ সাদামাটা, তবে এর ভেতরের আস্তরণটি ছিল বেশ পুরু।

চাঁদ তো আনন্দে আত্মহারা হয়ে গেল। সে পরম আগ্রহে কোটটি হাতে নিল এবং গায়ে পরার চেষ্টা করল। কিন্তু একি! কোটটি যে তার শরীরের তুলনায় বড্ড ছোট হয়ে গেছে!

"তুমি তো আমার মাপই নাওনি," চাঁদ ধমকের সুরে বলল। "ঠিক এই কারণেই কোটটি আমার গায়ে ছোট হয়ে গেছে।"


একটি ঈগল এগিয়ে এসে সাহায্যের প্রস্তাব দিল। "তোমার মাপার ফিতাটি আমাকে দাও, দর্জিভাই," সে বলল। "আমিই চাঁদের মাপ নিয়ে আসছি!"

ঈগলটি চাঁদের চারপাশে চক্কর দিয়ে উড়ে বেড়াল। এরপর ফিরে এসে সে দর্জির কাছে চাঁদের মাপগুলো বলে শোনাল। দর্জি তখন চাঁদের মাপমতো একটি নতুন ও নিখুঁত কোট তৈরি করে দেওয়ার প্রতিশ্রুতি দিল।

উৎসবের এই সময়টি দর্জির জন্য ছিল অত্যন্ত ব্যস্ততার সময়। কোটটি সেলাই শেষ করতে তার পুরো এক সপ্তাহ সময় লেগে গেল! সে অত্যন্ত মিহি সুতোয় বোনা, হালকা ক্রিম রঙের পশম দিয়ে কোটটি তৈরি করল। এরপর কোটের কলার এবং হাতার অংশে সে রুপালি সুতোর কারুকাজ ফুটিয়ে তুলল। কোটটি দেখতে সত্যিই অপূর্ব হয়েছিল!




চাঁদ সেই সূক্ষ্ম ও নিপুণ কারুকাজের দিকে একবার তাকিয়েই আনন্দে বলে উঠল, "সাবাশ দর্জিভাই! তুমি দারুণ কাজ করেছ!" কিন্তু হায়! এবারও কোটটি তার গায়ে লাগল না—সে কোনোভাবেই কোটটির ভেতর ঢুকতে পারল না!




এবার রেগে যাওয়ার পালা ছিল দর্জির। "দেখো তো, তুমি দিন দিন কতটা মোটা হয়ে গেছ!" সে চাঁদের উদ্দেশ্যে বলল। "এই কোট তোমার গায়ে কখনোই ঠিকমতো লাগবে না!"

"দয়া করে," চাঁদ বলল। "আর মাত্র একটা বানিয়ে দাও। কথা দিচ্ছি, এটাই হবে শেষটি।"

দর্জি রাজি হলো। "হ্যাঁ, এটাই হবে শেষটি!" এই বলে সে চলে গেল; যাওয়ার সময় সে বলল, "আশা করি তুমি আর বেশি মোটা হয়ে যাবে না।"



এবার সে কাপড়ের টুকরো-টাকরা জড়ো করে বিশাল এক ওভারকোট সেলাই করল। কোটটি ছিল প্রায় নিখুঁত গোলাকার, আর তার সারা গায়ে আনন্দের সাথে দুলছিল সাদা সুতোর পেঁচানো নকশা। রুপোর বকলেস দিয়ে কোটটি আটকানো ছিল। কোটটি ছিল সত্যিই চমৎকার!



দর্জি সেটি চাঁদকে দিল। কিন্তু চাঁদ কি তখন গোলাকার ছিল?

"এত বড় একটা জিনিস আমাকে শীত থেকে কীভাবে বাঁচাবে?" কোটটির সুন্দর নকশার দিকে বিন্দুমাত্র ভ্রুক্ষেপ না করে চাঁদ বিরক্তিভরে বলল। কোটটি তার গায়ে ঢিলেঢালাভাবে ঝুলে রইল।

"আমি সত্যিই জানি না!" দর্জি কড়া গলায় জবাব দিল।

সেই থেকে, সেই সুন্দর পূর্ণিমার চাঁদ—যা আমাদের মনকে আনন্দে ভরিয়ে তোলে—তা দেখে দর্জির মনে আর বিন্দুমাত্র আনন্দ জাগে না।

"আশা করি, ওই খামখেয়ালি চাঁদের মতো খদ্দের যেন আর কখনোই আমার সামনে না আসে!" সে মনে মনে বিড়বিড় করে বলে।

নিরুপমা রাঘবনের একটি গল্পের অবলম্বনে



© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi

L. S. Saraswathi S. Rajalakshmi

Bengali Suchandrima Chowdhury

Artist S. P. Raju

জাদুর আম

অনেক, অনেক দিন আগের কথা—এক বনে একটি বিশাল আমগাছ ছিল। একদিন প্রবল ঝড়ে গাছটি দুলে উঠল। গাছ থেকে একটি পাকা আম মাটিতে খসে পড়ল। এটি কোনো সাধারণ আম ছিল না; এটি ছিল একটি জাদুর আম!

জাদুর আমটি খুব খুশি হলো। এখন সে স্বাধীনভাবে ঘুরে বেড়াতে পারবে এবং পৃথিবীটা দেখতে পাবে।

বন পেরিয়ে গড়িয়ে গড়িয়ে সে একটি খোলা মাঠে এসে পৌঁছাল। সে অবিরাম গড়িয়ে চলল, যতক্ষণ না তার সাথে একটি ছাগলের দেখা হলো।

ছাগলটি তখন আধা-ঘুমন্ত অবস্থায় ঘাস খাচ্ছিল। হঠাৎ তার নজর পড়ল সেই জাদুর আমটির ওপর। "থাম!" ছাগলটি ব্যা-ব্যা করে ডেকে উঠল। "আমি তোকে খাব!"



কিন্তু জাদুর আমটি হেসে উঠল। সে গান গেয়ে উঠল—

আমি এক জাদুর আম,
কেউ আমায় ধরতে পারে না।
আমি গড়াই, আমি ঘুরি,
আমি বাতাসের চেয়েও দ্রুত চলি!
আমার দিকে চেয়ে দেখো—আমি মুক্ত!



জাদুর আমটি আরও দ্রুতগতিতে গড়িয়ে চলল। ছাগলটি তার পিছু পিছু দৌড়াতে লাগল।

গ্রামের একটি ছেলে তখন ঘুড়ি ওড়াচ্ছিল। সে দেখতে পেল জাদুর আমটি গড়িয়ে আসছে। "থাম!" সে হুকুম দিল। "আমি তোকে খাব!"

আমটি আবারও হেসে উঠল এবং গান গেয়ে উঠল—

আমি এক জাদুর আম,

কেউ আমায় ধরতে পারে না।

আমি গড়াই, আমি ঘুরি,

আমি বাতাসের চেয়েও দ্রুত চলি!

আমার দিকে চেয়ে দেখো—আমি মুক্ত!


আমটি দ্রুতবেগে ছুটে পালাল।

ছাগলটি আর ছেলেটি তার পিছু পিছু দৌড়াতে লাগল।



কয়েকটি মেয়ে তখন বাগানে খেলা করছিল। তারা আমটিকে দেখতে পেল এবং ডেকে বলল, "থাম! আমরা তোকে খাব!" তারাও জাদুর আমটির পিছু ধাওয়া করতে শুরু করল।

জাদুর আমটি তার গতি দ্বিগুণ বাড়িয়ে দিল। এখন সে ছেলেমেয়েদের চেয়ে অনেকখানি এগিয়ে গেল। এমনকি ছাগলটিও তার গতির সাথে তাল মিলিয়ে চলতে পারছিল না!



আমটি গান গেয়ে চলল—

আমি এক জাদুর আম,

কেউ আমায় ধরতে পারে না।

আমি গড়াই, আমি ঘুরি,

আমি বাতাসের চেয়েও দ্রুত চলি!

আমার দিকে চেয়ে দেখো—আমি মুক্ত!


সে অবিরাম গড়িয়ে চলল। আর তার পিছু পিছু দৌড়াতে লাগল সেই ছাগল, ছেলেটি এবং মেয়েগুলো। কিন্তু আমটি তাদের সবার চেয়ে অনেক বেশি দ্রুতগামী ছিল! দেখতে দেখতেই সে তাদের অনেক পেছনে ফেলে এগিয়ে গেল। জাদুর আমটি মাঠ–ঘাট, বাগান–বাগিচা আর ছায়াময় কুঞ্জবন পেরিয়ে অবিরাম গড়িয়ে চলল।

হঠাৎ সে ভীষণ ক্লান্ত হয়ে পড়ল। সে লম্বা লম্বা ঘাসের আড়ালে নিজেকে লুকিয়ে ফেলল এবং গভীর ঘুমে তলিয়ে গেল। সে দীর্ঘ সময় ধরে ঘুমিয়ে ছিল—কত মাস ধরে! একদিন সূর্যের কিরণ নিজের গায়ে অনুভব করে তার ঘুম ভাঙল।

সে টের পেল যে, তার পরিবর্তন ঘটেছে... তার অংকুরোদগম হচ্ছে...

হ্যাঁ! সেই জাদুকরী আমটি একটি গাছে পরিণত হচ্ছিল!

পাপুয়া নিউ গিনির একটি গল্প



© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi


L. S. Saraswathi S. Rajalakshmi

Bengali Suchandrima Chowdhury

Artist Uma Krishnaswamy

চড়ুইয়ের উপহার

17



সে-রিং এবং চাম-বা ছিলেন প্রতিবেশী। কিন্তু তাঁদের স্বভাবের মধ্যে কোনো মিলই ছিল না। সে-রিং ছিলেন অত্যন্ত কঠোর হৃদয়ের মানুষ এবং অন্যদের প্রতি ঈর্ষাপরায়ণ। অন্যদিকে, চাম-বা ছিলেন অত্যন্ত দয়ালু; বিপদে পড়লে তিনি নির্দ্বিধায় যে-কাউকেই সাহায্যের হাত বাড়িয়ে দিতেন।

একদিন চাম-বা তাঁর বাড়ির কাছের একটি গাছ থেকে একটি ছোট্ট চড়ুই ছানাকে নিচে পড়ে যেতে দেখলেন। তিনি এগিয়ে গিয়ে ছানাটিকে কুড়িয়ে নিলেন। আহা, বেচারা চড়ুই! তার একটি পা ভেঙে গিয়েছিল! চাম-বা অত্যন্ত যত্নসহকারে ছানাটির ভাঙা পায়ে ভেষজ লতার তৈরি এক ধরণের প্রলেপ লাগিয়ে দিলেন এবং পা-টিতে ব্যান্ডেজ বেঁধে দিলেন। এরপর তিনি চড়ুই ছানাটিকে পুনরায় তার বাসায় তুলে দিলেন।

যখন চড়ুই ছানাটি উড়তে শেখার মতো বড় হলো, তখন সে উড়ে এসে চাম-বার কাঁধে বসল। তার ঠোঁটটি ভরে ছিল বীজে। "তুমিই আমার প্রাণ বাঁচিয়েছ," চাম-বার হাতের তালুতে বীজগুলো ঢেলে দিতে দিতে চড়ুইটি বলল। "এই বীজগুলো নিয়ে রোপণ করো। অপেক্ষা করে দেখো—এ থেকে কী চমৎকার ফসল ফলে!" এই কথা বলেই সে উড়ে চলে গেল।

চাম-বা সেই বীজগুলো মাটিতে রোপণ করলেন। অল্প কিছুদিনের মধ্যেই তাঁর ক্ষেতে ভুট্টার চমৎকার ফলন হলো। গাছগুলো বেশ লম্বা হয়ে উঠল এবং সোনালি রঙ ধারণ করল। একদিন তিনি তাঁর বাগানে গিয়ে এক বিস্ময়কর দৃশ্য দেখতে পেলেন! ভুট্টার ছড়াগুলোতে শস্যদানা পাকার পরিবর্তে ঝলমল করছিল মহামূল্যবান সব রত্নপাথর। এ যেন এক অলৌকিক ঘটনা! চাম-বা সেই রত্নগুলো সংগ্রহ করলেন এবং সেগুলো নিয়ে বাজারে গেলেন। বাজার থেকে তিনি ফেরার পর তিনি অনেক ধনী হয়ে গেলেন!

এবার চাম-বা তাঁর পরিবারের জন্য একটি বিশাল অট্টালিকা নির্মাণ করলেন এবং নিজের জীবনকে উৎসর্গ করলেন দরিদ্র ও দুস্থ মানুষের সেবায়। তিনি ছিলেন অত্যন্ত সুখী একজন মানুষ!

এদিকে, সে-রিং চাম-বার জীবনের এই আমূল পরিবর্তনগুলো গভীরভাবে পর্যবেক্ষণ করছিলেন। তিনি মনে মনে ভাবলেন, "লোকটা কীভাবে এত ধনী হয়ে গেল?" এর রহস্য উদ্ঘাটন করার জন্য তিনি চাম-বার কাছে গেলেন। চাম-বা অত্যন্ত আন্তরিকতার সাথে সে-রিং-কে চড়ুই ছানাটির বাসা থেকে পড়ে যাওয়া এবং তার পা ভেঙে যাওয়ার পুরো ঘটনাটি খুলে বললেন।





এরপর তিনি সে-রিং-কে চড়ুইটির দেওয়া সেই উপহারের বীজগুলোর কথাও জানালেন। তিনি তাঁকে পুরো ঘটনাটিই বললেন—কোনো কিছুই গোপন করলেন না। বাড়ি ফেরার পথে সে-রিং মনে মনে ভাবলেন, "চাম-বার মতো আমিও কেন ধনী হতে পারব না?" তিনি সিদ্ধান্ত নিলেন যে, তিনিও নিজের জন্য কিছু মহামূল্যবান রত্নপাথর সংগ্রহ করবেন!

সে-রিং গাছের ডালে ডালে চড়ুইয়ের বাসা খুঁজতে লাগলেন; অবশেষে তিনি একটি চড়ুইয়ের বাসার সন্ধান পেলেন। তিনি লাঠি দিয়ে বাসাটিতে ক্রমাগত খোঁচা দিতে লাগলেন, যতক্ষণ না একটি চড়ুই ছানা বাসা থেকে নিচে পড়ে গেল। তিনি ছানাটিকে কুড়িয়ে নিলেন, তার ভাঙা পায়ে ভেষজ প্রলেপ লাগিয়ে দিলেন এবং ব্যান্ডেজ বেঁধে দিলেন। এরপর তিনি পাখিটিকে আবার বাসায় ফিরিয়ে দিলেন।


কিছুক্ষণ পর চড়ুইটি ফিরে এল এবং তার হাতের ওপর কয়েকটি বীজ ফেলে দিয়ে বলল, "এগুলো পুঁতে দেখো তো কী জন্মায়!"

সে-রিং বীজগুলো রোপণ করলেন। অল্পদিনের মধ্যেই তাঁর ক্ষেতে ভুট্টার ফলন হলো। প্রতিদিন তিনি ভুট্টার ছড়াগুলোর ভেতর রত্ন বা মণি-মুক্তা খুঁজে দেখতেন।

এরপর তিনি ক্ষেতে গিয়ে এক ভয়ানক ধাক্কা খেলেন! ভুট্টার গাছগুলোর জায়গায় দাঁড়িয়ে ছিল এক ভয়ংকর দর্শন রাক্ষস; সে তার দিকে জ্বলন্ত দৃষ্টিতে তাকিয়ে ছিল। তার ওপরে তোলা হাতে ধরা ছিল এক বিশাল তলোয়ার!

সে-রিং যত দ্রুত সম্ভব দৌড়ে নিজের বাড়িতে ফিরে এলেন। রাক্ষসটিও তার পিছু নিল। সে-রিংয়ের সমস্ত গয়নাগাটি আর নগদ টাকা-পয়সা কুড়িয়ে নিয়ে রাক্ষসটি—ফুস—হঠাৎ করেই শূন্যে মিলিয়ে গেল!

তিব্বতের একটি লোককথা



© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi


L. S. Saraswathi S. Rajalakshmi

Bengali Suchandrima Chowdhury


Artist Uma Krishnaswamy

18

কর্তব্যপরায়ণ ডুফি



ডুফি প্রায়ই তার মাসির কাছে বেড়াতে যেত। মাসি তাকে খুব ভালবাসতেন। মাসি যখন বাড়ির কাজ করতেন, সেসময় তাকে খেলতে দিতেন। বেড়ানো শেষ হলে, তিনি সবসময় ডুফির বাড়ি নিয়ে যাওয়ার জন্য কিছু ভালো ভালো খাবার গুছিয়ে দিতেন।



একদিন, ডুফির মাসি তাকে একটা বড় চকোলেট কেক দিলেন। তিনি ডুফিকে বললেন কেকটা শক্ত করে ধরে রাখতে, যেন সেটা পড়ে না যায়। ডুফি কেকটা দু'হাতে চেপে ধরে লাফাতে লাফাতে বাড়ি ফিরল। হায় হায়! যখন সে বাড়ি পৌঁছাল, কেকটা গুঁড়ো গুঁড়ো হয়ে গিয়েছিল।

"ডুফি, আমরা কি এভাবে কখনো কেক আনি?" তার মা ভ্রু কুঁচকে বললেন। "তোমার এটা পাতা দিয়ে মুড়ে টুপির নিচে রাখা উচিত ছিল।"

এক সপ্তাহ পরে ডুফির মাসি তাকে এক টুকরো বড় মাখন দিলেন। সে সাবধানে সেটা পাতা দিয়ে মুড়ে টুপির নিচে রাখল। তারপর সে হাঁটতে শুরু করল।



ওহ! সেদিন খুব গরম ছিল! ডুফি যখন বাড়ি পৌঁছাল, ততক্ষণে তার পুরো মুখ মাখনে মাখামাখি হয়ে গিয়েছিল। এমনকি তার জামাতেও মাখন গড়িয়ে পড়ছিল! টুপ টুপ টুপ। কী বিশ্রী অবস্থা!

ডুফিকে দেখে তার মা বেশ অবাক হলেন। তিনি বললেন, "আরে, ডুফি! এভাবে মাখন আনতে হয় না! তোমার উচিত ছিল প্রথমে এটাকে ঠান্ডা জলে রাখা।"

পরের সপ্তাহে, ডুফির মাসি তাকে একটি মিষ্টি ছোট্ট কুকুরছানা দিলেন। ডুফি সেটিকে এক হাঁড়ি ঠান্ডা জলে রাখল। বাড়ি ফেরার পুরোটা পথ ওটা কাঁপতে কাঁপতে চিৎকার করতে লাগল!

ডুফির মা জিজ্ঞেস করলেন, "এ কী করলে! বেচারা কুকুরছানাটা ঠান্ডায় জমে যাচ্ছে! তোমার উচিত ছিল ওর গলায় একটা দড়ি বেঁধে টেনে নিয়ে যাওয়া।"

পরেরবার, ডুফির মিষ্টি মাসি তাকে এক টুকরো সদ্য সেঁকা পাউরুটি গুছিয়ে দিলেন। ডুফি ভাবল, "এটা কী করে নিয়ে যাব? ওহ, হ্যাঁ! দড়ি!" আর সে সাবধানে দড়ির এক প্রান্ত পাউরুটির চারপাশে বেঁধে নিল এবং রাস্তা ধরে সেটাকে পেছনে টেনে নিয়ে যেতে লাগল!

রুটিটা টেনে আনা হতে দেখে তার মা প্রায় মূর্ছাই গিয়েছিলেন। কিন্তু এবার তিনি তার ডুফিকে বকা দিলেন না। পরিবর্তে, তিনি তাকে বললেন, "তোমার আদরের মাসি সত্যি খুব ভালো! কিন্তু আমরা আপাতত তার সাথে দেখা করতে যেতে পারছি না। আমরা ছুটির সময় তার সাথে দেখা করতে যাব। আর আমরা তার জন্য অনেক সুন্দর সুন্দর উপহার নিয়ে যাব!"



এরপর সবকিছু শান্ত হয়ে গেল। কিন্তু ডুফির মতো ছেলে থাকলে, শান্ত সময় বেশিদিন টেকে না!

একদিন, ডুফির মাকে এক অসুস্থ চাচাতো ভাইয়ের সাথে দেখা করতে যেতে হলো। বাড়ি থেকে বেরোনোর সময় তিনি বললেন, "ডুফি, আমি কিছু ক্রিস্পব্রেড শুকোতে দিয়েছি। তাই দয়া করে সাবধানে পা ফেলো।"

কিছুক্ষণ পর ডুফি ফ্যাকাশে গোল রুটিগুলো দেখতে গেল। মা কী বললেন? হ্যাঁ, ঠিকই ধরেছেন: "সাবধানে পা ফেলো!" তাই সে প্রত্যেকটি রুটির উপর সাবধানে পা ফেলল!

একটি ইউরোপীয় লোককথার উপর ভিত্তি করে



© Katha Jharna 2008

P. Saraswati V. Vijayakanthi
L. S. Saraswathi S. Rajalakshmi

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation
Bengali Suchandrima Chowdhury
Artist S. P. Raju

টুনটুনি



রাজকীয় বাগানে বসে টুনটুনি পাখিটা বেরি খাচ্ছিল। উফ! হঠাৎ একটা কাঁটা ওর গলায় বিঁধে গেল!

কান্নাকাটি আর দীর্ঘশ্বাস ফেলতে ফেলতে টুনটুনি উড়ে গেল রাজবাড়ির নাপিতের কাছে এবং তাকে অনুরোধ করল কাঁটাটা বের করে দিতে।

কিন্তু নাপিত বলল, "আমি হলাম রাজার নাপিত! আমি তোমাকে সাহায্য করব না, ওরে ছোট্ট পাখি! দূর হ এখান থেকে!"

টুনটুনি তখন উড়ে গেল রাজার কাছে। সে বলল, "টুনটুনি ভীষণ কষ্টে আছে! কিন্তু নাপিত আমাকে সাহায্য করছে না! দয়া করে তাকে শাস্তি দিন!"

রাজা তখন হো হো করে হেসে উঠলেন।

টুনটুনি তখন উড়ে গেল ইঁদুরের কাছে এবং ছড়ার সুরে বলতে লাগল—

"ও ইঁদুর! টুনটুনি ভীষণ কষ্টে আছে। কিন্তু নাপিত আমাকে সাহায্য করছে না! রাজা নাপিতকে শাস্তি দিচ্ছেন না! তুমি যাও আর রাজা যখন ঘুমিয়ে থাকবেন, তখন তাকে কামড়ে দিও!"

কিন্তু ইঁদুরটা দৌড়ে পালাল এবং নিজের গর্তের ভেতর লুকিয়ে পড়ল। টুনটুনি তখন গেল বিড়ালের কাছে এবং তীক্ষ্ণ স্বরে ডেকে বলল—

"ও বিড়াল! টুনটুনি ভীষণ কষ্টে আছে।
কিন্তু নাপিত আমাকে সাহায্য করছে না!
রাজা নাপিতকে শাস্তি দিচ্ছেন না!
ইঁদুর রাজাকে কামড়াচ্ছে না!
তুমি যাও, ওই দুষ্টু ইঁদুরটাকে ধরে খেয়ে ফেলো!"



কিন্তু বিড়াল বলল, "এখন নয়! আমার ভীষণ ঘুম পাচ্ছে!"

টুনটুনি তখন উড়ে গেল লাঠিটার কাছে এবং বলল—

"ও লাঠি! টুনটুনি ভীষণ কষ্টে আছে।

বিড়াল ইঁদুরটাকে ধরছে না! তুমি যাও আর ওই অলস বিড়ালটাকে পিটিয়ে এসো!"

কিন্তু লাঠি বলল, "আমি কেন বিড়ালকে মারতে যাব? বিড়াল তো কখনো আমার কোনো ক্ষতি করেনি!"

বেচারা টুনটুনি তখন কেঁদে ফেলল! তারপর সে দেখতে পেল আগুনকে; সে উড়ে গিয়ে আগুনের চারপাশে চক্কর দিতে লাগল।

"ও আগুন! টুনটুনি ভীষণ কষ্টে আছে।

লাঠি বিড়ালকে পেটাচ্ছে না!

তুমি যাও আর ওই অকেজো লাঠিটাকে পুড়িয়ে ছাই করে দাও!"

"আমি সারাদিন ধরে জ্বলছি," আগুন বলল। "এখন আমি খুব ক্লান্ত। দুঃখিত!"

টুনটুনি তখন উড়ে গেল নদীর কাছে এবং ডেকে বলল—

"ও নদী! টুনটুনি ভীষণ কষ্টে আছে।

আগুন লাঠিটাকে পোড়াচ্ছে না!

তুমি তোমার কূল ছাপিয়ে উঠে এসো আর ওই স্বার্থপর আগুনটাকে নিভিয়ে দাও!"

কিন্তু নদী নীরবে বয়েই চলল। টুনটুনি তখন উড়ে গেল হাতির কাছে এবং ছড়ার সুরে বলতে লাগল—

"ও হাতি! টুনটুনির ভীষণ কষ্ট!


নদী আগুন নেভাবে না!

যাও, গিয়ে ওই অহংকারী নদীর সব জল শুষে খেয়ে ফেলো!"

হাতি বলল, "কে? আমি? আমি যদি নদীর সব জল খেয়ে ফেলি, তবে তো আমি ফেটে মরে যাব!"

টুনটুনি তখন ক্লান্ত হয়ে পড়েছিল। বিশ্রাম নেওয়ার জন্য সে গাছের একটি ডালে বসল। তার চোখ বুজে এল। ঠিক তখনই, "ভন-ভন-ভন"—একটি মশার গুঞ্জন শোনা গেল। হঠাৎ টুনটুনির মনে সাহস ফিরে এল!

"ও মশা! টুনটুনির ভীষণ কষ্ট!
হাতি নদীর জল খাবে না!
যাও, গিয়ে ওই বোকা হাতির সারা শরীরে কামড় বসিয়ে দাও!"



"খুব আনন্দের সাথেই তা করব, টুনটুনি!"—গুঞ্জন করে বলল মশা।

এরপর সেখানকার সব মশা ঝাঁকে ঝাঁকে হাতির ওপর ঝাঁপিয়ে পড়ল এবং তাকে কামড়ে জর্জরিত করে ফেলল। হাতি ভয়ে দিশেহারা হয়ে পড়ল। সে দৌড়ে গিয়ে নদীর জলে লুকাল। কিন্তু মশাগুলো তার পিছু ছাড়ল না!

তাই হাতি টুনটুনিকে বলল, "আমি নদীর সব জল খেয়ে ফেলব।"

নদী তখন উপচে উঠল। "আমি আগুন নেভাব!"


আগুন দাউদাউ করে জ্বলে উঠল। "আমি লাঠিকে পুড়িয়ে দেব।"

লাঠি ভয়ে পিছিয়ে গেল। "আমি বিড়ালকে পেটাচ্ছি।"

বিড়াল জেগে উঠল। "আমি ইঁদুরকে ধরব!"

ইঁদুর কিচকিচ করে বলল, "আমি রাজাকে কামড়াব!"

রাজা বললেন, "আমি নাপিতকে শাস্তি দেব!"



আর সেই ভীতসন্ত্রস্ত নাপিত ছোট্ট পাখিটির গলা থেকে কাঁটাটি বের করে দিল।

একবার কল্পনা করে দেখুন তো—টুনটুনির কী দারুণ স্বস্তি!

পশ্চিমবঙ্গের একটি লোককথা

© Katha Jharna 2008

P. Saraswati V. Vijayakanthi
L. S. Saraswathi S. Rajalakshmi

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation
Bengali Suchandrima Chowdhury
Artist Uma Krishnaswamy

আমার নতুন বন্ধু

20



বহুকাল আগের কথা। এক গভীর জঙ্গলে একটি কাঠবিড়ালি আর একটি খরগোশ বাস করত। তারা ছিল খুব ভালো বন্ধু এবং একে অপরের সাথে প্রচুর সময় কাটাত।



কাঠবিড়ালিটি ছিল ভীষণ কৌতূহলী; সে পৃথিবীর সবকিছু সম্পর্কেই জানতে চাইত। কিন্তু তার বন্ধু খরগোশটি কোনো প্রশ্নেরই সহজ-সরল উত্তর দিত না। তবে ভাগ্যবশত, তারা দুজনেই ধাঁধা আর রহস্যময় প্রশ্ন ভীষণ পছন্দ করত!

একদিন সকালে কাঠবিড়ালিটি দেখল, খরগোশটি একা একা হেঁটে যাচ্ছে। সে দৌড়ে গিয়ে খরগোশটির নাগাল ধরল।

কাঠবিড়ালি: ও খরগোশ বন্ধু, এত সকালে তুমি কোথায় যাচ্ছ?

খরগোশ: আমি আমার নতুন বন্ধুর সাথে খেলতে যাচ্ছি!





কাঠবিড়ালি: তাই নাকি! কে তোমার সেই নতুন বন্ধু?

খরগোশ: তুমি নিজেই কেন অনুমান করে নিচ্ছ না? তোমার জন্য একটা সূত্র দিচ্ছি: সে এমন কেউ, যার চারটি পা আছে।

কাঠবিড়ালি: এ কেমন সূত্র হলো? আমাদের সবারই তো চারটি করে পা আছে! ওহ, আমি বুঝতে পেরেছি: তুমি চাইছ আমি যেন নিজেই তাকে খুঁজে বের করি। হুমম, দেখি তো...

খরগোশ: কী হলো? কী ভাবছ?

কাঠবিড়ালি: উম... সে কি কোনো বড় আকারের প্রাণী?

খরগোশ: হ্যাঁ!

কাঠবিড়ালি: তাহলে তো আমি পেয়ে গেছি! তোমার বন্ধু হলো একটি হাতি! হাতিই তো জঙ্গলের সবচেয়ে বড় প্রাণী!

খরগোশ: ভুল! আমার নতুন বন্ধুর তো লম্বা কোনো শুঁড় নেই।

কাঠবিড়ালি: তাহলে নিশ্চয়ই সে একটি গণ্ডার!

গণ্ডারের তো কোনো শুঁড় থাকে না!

খরগোশ: না, না! আমার নতুন বন্ধুর তো কোনো শিং-ও নেই।

খরগোশটি দ্রুত পায়ে হাঁটতে শুরু করল। কাঠবিড়ালিটি তার পিছু পিছু দৌড়াল।

কাঠবিড়ালি: দাঁড়াও! আমি জানি! তোমার নতুন বন্ধু হলো একটি উট! উটের চারটি পা আছে। তার কোনো শুঁড় নেই। আর তার কোনো শিং-ও নেই।





খরগোশ: কিন্তু আমার নতুন বন্ধুর তো পিঠে কোনো কুঁজ-ও নেই।

খরগোশটি তখন পথ ধরে দৌড়াতে শুরু করল।

কাঠবিড়ালি: তাহলে আর কে হতে পারে? আহা! নিশ্চয়ই সে একটি জেব্রা!


খরগোশ: হো হো হো! আমার বন্ধুর শরীরে তো কোনো ডোরাকাটা দাগ নেই!


এবার আমাকে যেতে দাও, আমি দেরি করতে চাই না।

কাঠবিড়ালি: না, থামো! আমার মনে হয় তোমার বন্ধুটি হলো একটি ভালুক!

তারা ফুলটির ওপর দিয়ে আলতোভাবে বয়ে গেল। পদ্মটি আনন্দে তার পাপড়িগুলো দুলিয়ে দিল। কিন্তু সে ছোট্ট মৌমাছিটিকে একটুও মধু দিল না!

আহা, বেচারা ছোট্ট মৌমাছি! "পদ্মটির রাগ মেটাতে আমি কী করতে পারি?" সে ভাবতে লাগল। ঠিক তখনই আকাশের বুক চিরে কিছু মেঘ ভেসে এল।



মৌমাছিটি মেঘের ছায়া দেখতে পেল এবং আকাশের দিকে তাকাল। সে বলল,



"ওই সুন্দর, অতি সুন্দর পদ্মটি
আমাকে কোনো মধু দেবে না।
ওগো ঘনঘোর ও সুন্দর মেঘমালা,
তোমরা কি তার মনটা বদলে দিতে পারো?"

"চিন্তা কোরো না," মেঘেরা বলল। "আমরা পদ্মটির ওপর বৃষ্টি ঝরাব আর ওকে সুন্দর করে স্নান করিয়ে দেব।" পুকুরের ওপর ঝিরিঝিরি বৃষ্টি ঝরে পড়ল। সব গাছপালা আনন্দে মেতে উঠল এবং সতেজ হয়ে উঠল। পদ্মফুলটিও বৃষ্টির ফোঁটায় স্নান করল এবং সে-ও বেশ সতেজ অনুভব করল।

কিন্তু সে সেই ছোট্ট মৌমাছিটিকে একফোঁটাও মধু দিল না!

ছোট্ট মৌমাছিটি ভীষণ ক্লান্ত বোধ করল! সে বিষণ্ন মনে, নিচু স্বরে গুঞ্জন করতে লাগল। কিছুক্ষণ পর সে দেখতে পেল, গাছের ডালে বসে একটি পেঁচা ঢুলছে।

সে পেঁচাটিকে বলল—
"ওই যে সুন্দর, অতি সুন্দর পদ্মফুলটি,
সে আমাকে একটুও মধু দেবে না।
ওগো জ্ঞানী ও সুন্দর পেঁচা,
তুমি কি তার মনটা বদলে দিতে পারো?"

পেঁচাটি ছোট্ট মৌমাছিটিকে বলল, "আমার কাছে এসো, আমি তোমাকে একটা গোপন কথা বলব।" ছোট্ট মৌমাছিটি উড়ে পেঁচাটির কাছে চলে এল। পেঁচাটি ছোট্ট মৌমাছিটির কানে কানে ফিসফিস করে কী যেন বলল। পেঁচাটি কী বলেছিল, তা আর কেউ শুনতে পেল না—যদিও তারা শোনার জন্য কম চেষ্টা করেনি!

এবার ছোট্ট মৌমাছিটি মনে আশা নিয়ে আবার পুকুরের দিকে উড়ে চলল। অত্যন্ত আলতোভাবে গিয়ে সে পদ্মফুলটির ওপর বসল। খুব সুন্দর ও বিনয়ের সাথে সে জিজ্ঞেস করল, "তুমি কি আমাকে একটু মধু দেবে?"

হঠাৎ করেই পদ্মফুলটির মন থেকে সব রাগ দূর হয়ে গেল। সে ছোট্ট মৌমাছিটিকে সাদরে বরণ করে নিল। "তোমার যতটা ইচ্ছে, ততটাই নিয়ে নাও!" সে বলল।

ছোট্ট মৌমাছিটি পৃথিবীর সবচেয়ে বড় গোপন রহস্যটি শিখে ফেলেছিল!



একটি ভারতীয় লোককথা; শোভিতা পুঞ্জা-র পুনর্কথন অবলম্বনে।

© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi **Bengali** Sriparna Tamhane

L. S. Saraswathi S. Rajalakshmi **Artist** Uma Krishnaswamy

67 গান্ধী দাদু

সেটা ছিল ২রা অক্টোবর—গান্ধীজির জন্মদিন। আমার ছোট ভাই আর আমি তাঁকে "শুভ জন্মদিন" জানাতে এবং মালা পরাতে গিয়েছিলাম।

আশ্রমটি লোকে লোকারণ্য ছিল। সবাই খাদি সুতির পোশাক পরেছিলেন। এমনকি খাদির তৈরি টুপিও ছিল অনেকের মাথায়!

আমরা গান্ধীজির কাছে এগিয়ে গেলাম এবং তাঁকে মালা পরিয়ে দিলাম। গান্ধীজি মৃদু হাসলেন। তিনি জিজ্ঞেস করলেন, "পরের বার কি তোমরা আমার জন্য একটা খুব ভালো উপহার নিয়ে আসবে?"

"আপনি কী উপহার চান? আমাদের বলুন, দাদু!"



তিনি হাসিমুখে জিজ্ঞেস করলেন, "আমার জন্য এমন একটি মালা নিয়ে এসো, যার সুতো তোমরা নিজেদের হাতে কেটেছ। আনবে তো?"

আমার ছোট ভাই বলল, "কিন্তু আমরা তো চরকায় সুতো কাটতে জানি না!" গান্ধীজি উত্তর দিলেন, "তোমাদের মা-বাবাকে বলো তোমাদের শিখিয়ে দিতে।"

বাড়ি ফেরার পথে আমার ছোট ভাই আমাকে জিজ্ঞেস করল, " গান্ধী দাদু কেন চান যে আমরা সুতো কাটা শিখি?"

আমি আমার সাধ্যমতো গান্ধীজির ভাবনাটি তাকে বুঝিয়ে বললাম। "খাদি কাপড় বুনে গ্রামের মানুষ তাদের পরিবারের ভরণপোষণ জোগাড় করার একটা উপায় পায়। আমরা যদি বিদেশ থেকে কাপড় কিনি, তবে তাদের কাজের সুযোগ কমে যাবে। ঠিক এই কারণেই গান্ধী দাদু চান যে আমরা নিজেরা সুতো কাটি এবং খাদির পোশাক পরি।"

বাড়ি ফিরে আমরা মাকে আমাদের আশ্রমে যাওয়ার কথা জানালাম। মা গান্ধীজি এবং স্বাধীনতা সংগ্রাম সম্পর্কে আমাদের আরও কিছু কথা বুঝিয়ে বললেন। তিনি বললেন, "গান্ধীজি ব্রিটিশ শাসনের থেকে আমাদের স্বাধীনতার জন্য লড়াই করছেন। এই সংগ্রামের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ হলো খাদি।"


ঠিক সেই দিন থেকেই আমরা চরকা ব্যবহার করা শুরু করলাম।



গান্ধীজি প্রায়ই ট্রেনে করে যাতায়াত করতেন। তিনি সারা ভারত ঘুরে বেড়িয়েছিলেন। একবার তিনি ট্রেনে করে মাদুরাই গিয়েছিলেন। সেখানে তিনি বহু মানুষের সাথে কথা বললেন এবং তাঁদের খাদি ব্যবহারের জন্য অনুরোধ জানালেন। তাঁদের উত্তর শুনে তিনি বেশ ব্যথিত হলেন। তাঁরা বললেন, "আমরা এতটাই গরিব যে খাদি কেনার সামর্থ্য আমাদের নেই। এর দাম বড্ড বেশি।"

মাদুরাইয়ে গান্ধীজি অনেক কৃষককে মাঠে কাজ করতে দেখলেন, যাঁদের পরনে ছিল কেবল একটি করে কৌপীন বা ছোট কাপড়। তাঁদের এই চরম দারিদ্র্য দেখে তিনি অত্যন্ত বিচলিত বোধ করলেন।

একদিন তিনি নদীতে স্নান করতে গেলেন। সেখানে এক মহিলা ও তাঁর সন্তান উপস্থিত ছিলেন। মহিলাটি তাঁর শাড়ির অর্ধেক অংশ নদীতে ডুবিয়ে ধুচ্ছিলেন, আর বাকি অর্ধেক অংশ নিজের শরীরের চারপাশে জড়িয়ে রেখেছিলেন। তার কাছে এই একটিই শাড়ি ছিল! আর সেটাও ছিল ছেঁড়া!



ওই নারীর দারিদ্র্য গান্ধীজিকে গভীরভাবে স্পর্শ করল। তিনি নিজের গায়ের শালটি খুলে তাকে দিয়ে দিলেন। তিনি নিজের কাছে থাকা সমস্ত পোশাকের কথা ভাবলেন।

"দেশে এত এত দরিদ্র মানুষ থাকতে, আমি কীভাবে নানা রকমের জামা পরতে পারি? এটা ঠিক নয়।"

তার মনের ভেতর তখন এক প্রবল আলোড়ন চলছিল। ১৯২১ সালের ২২শে সেপ্টেম্বর, তিনি তার চিরাচরিত পোশাক ত্যাগ করলেন এবং কেবল একটি সাধারণ সাদা ধুতি পরতে শুরু করলেন।

একবার একটি ছোট ছেলে সাবরমতি আশ্রমে গান্ধীজির সাথে দেখা করতে এল। সে জিজ্ঞেস করল, "দাদু, তুমি জামা পরোনি কেন? আমি কি আমার মাকে বলব তোমার জন্য একটা জামা সেলাই করে দিতে?"

গান্ধীজি মৃদু হাসলেন এবং উত্তর দিলেন, "তোমার মা আমার জন্য কটা জামা সেলাই করে দিতে পারবে?"

"তুমিই বলো দাদু, তোমার কটা জামা চাই। আমি মাকে বলব তোমার জন্য সেগুলো বানিয়ে দিতে।"

গান্ধীজি বললেন, "আমার ৪০ কোটি ভাই-বোন রয়েছে। তারা যখন জামাহীন অবস্থায় আছে, তখন আমি কীভাবে জামা পরতে পারি?"— স্নেহভরে তিনি এই প্রশ্নটি করলেন।



© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi

L. S. Saraswathi S. Rajalakshmi

Bengali Sriparna Tamhane

Artist Uma Krishnaswamy

জলবিন্দুর যাত্রা



একদা রোদের মধ্যে একটি মাটির পাত্র রাখা ছিল। পাত্রটির ভেতর কানায় কানায় জল পূর্ণ ছিল। জলের উপরিভাগে একটি জলবিন্দু ভেসে উঠল।

জলবিন্দুটি সূর্যের কিরণ অনুভব করল। আলোর দিকে উপরে ওঠার জন্য সে প্রাণপণে চেষ্টা করতে লাগল। পাত্রের কিনারা ধরে নিজেকে ঠেলে ও টেনে উপরে তুলতে তুলতে, একসময় সে পাত্রের মুখ ছাড়িয়ে উপরে উঠে এল!




মাত্র এক মুহূর্তের জন্য জলবিন্দুটি ভয় পেল। তারপরই সে সূর্যের দিকে তাকাল! আনন্দে বিভোর হয়ে সে জলীয় বাষ্প রূপে আকাশের পানে উঠে গেল।



জলবিন্দুটি বাষ্প হয়ে উপরের দিকে ভেসে চলল এবং তারপর কিছু ধবধবে সাদা মেঘের মাঝে ঘনীভূত হয়ে জমাট বাঁধল। সে চারপাশে তাকিয়ে দেখল—আরও অনেক জলবিন্দু সেখানে রয়েছে। তারা সবাই একইভাবে আকাশে উঠে এসেছিল। সে তার সবচেয়ে কাছের জলবিন্দুগুলোকে জিজ্ঞেস করল, সূর্যের কাছে পৌঁছানোর উপায় কী। কিন্তু কেউই তা জানত না।

জলবিন্দুটি বেশ কয়েক দিন ধরে মেঘেদের মাঝে ঘুরে বেড়াল। সে এখানে-সেখানে ভেসে বেড়াল। একদিন সে দেখল, একটি নতুন মেঘ এগিয়ে আসছে। এই মেঘটি সাদা বা ধবধবে তুলোর মতো ছিল না। এটি ছিল বিশাল, ভারী এবং কালো রঙের। জলবিন্দুটি লাফ দিয়ে সেই নতুন মেঘটির ভেতরে চলে গেল।






সে রাতে কালো মেঘটি খুব অস্থির হয়ে উঠল। সে কেবলই মোচড়াতে লাগল। বজ্রপাতের গর্জনে সে কেঁপে কেঁপে উঠছিল। জলবিন্দুটি বুঝতে পারল যে, সে ভুল জায়গায় এসে পড়েছে।

হঠাৎ বেড়ে ওঠা এক দমকা বাতাস জলবিন্দুটিকে মেঘের ভেতর থেকে বাইরে উড়িয়ে দিল। সে তখন অঝোর ধারায় ঝরে পড়া বৃষ্টির ফোঁটাদের ভিড়ে মিশে গেল । বিদ্যুতের ঝলকানি খেলে গেল! বৃষ্টির ফোঁটাগুলো ছলাৎ শব্দে একটি খরস্রোতা নদীর জলে গিয়ে পড়ল।

জলবিন্দুটি অনুভব করল—নদীর জল কখনো উপরে উঠছে, আবার কখনো নিচে নেমে যাচ্ছে। হঠাৎই সে পাহাড়ের এক কিনারা থেকে নিচে ছিটকে পড়ল! নদীর ধারাটি পাহাড়ের গা বেয়ে নিচে গড়িয়ে চলল। বড় বড় পাথরের ফাঁক দিয়ে সে তীব্র গতিতে ছুটে চলল। জলের সাদা ফেনা ছিটকে বাতাসে ছড়িয়ে পড়ল! এরপর, নদীটি শান্ত ও ধীরলয়ে নিজের পথে চলতে শুরু করল।



জলবিন্দুটি তার আশেপাশের অন্যান্য জলবিন্দুদের জিজ্ঞেস করল—নদীটি কোন দিকে এগিয়ে চলেছে। "এটি সেই বিশাল নদীর সাথে মিলিত হতে ছুটে চলেছে," তারা বলল।


আর ঠিক সেখানেই ছিল সেই বিশাল নদীটি। নদীটি ছিল প্রশস্ত ও কানায় কানায় পূর্ণ। নদীর দুই তীর জুড়ে ঝুঁকে ছিল সারি সারি গাছ। ছায়া-ঢাকা পরিবেশের মাঝেও সূর্যের আলোয় ঝলমল করছিল নদীর জলকণাগুলো।

জলকণাটি পরম আনন্দে সেই দৃশ্য দেখল। জলের সেই দ্রুত প্রবাহ ও গতি সে মন ভরে উপভোগ করল। আহা, কী দারুণভাবেই না সে তার এই যাত্রা উপভোগ করছিল! তবে সে এ-ও জানত যে, তার এই যাত্রা খুব বেশি দীর্ঘস্থায়ী হবে না।

এরপর নদীটি গিয়ে মিশল সাগরে। সাগরের বিশাল জলরাশি সেই ক্ষুদ্র জলকণাটিকে নিজের সঙ্গে মিলিয়ে নিল।

তরঙ্গমালার নিচ থেকে জলকণাটি আকাশের দিকে তাকাল। আহা! সেখানে ভেসে বেড়াচ্ছিল পেঁজা তুলোর মতো সাদা মেঘেরা। জলকণাটির মনে পড়ে গেল—কীভাবে সে একটি মাটির পাত্র থেকে উঠে এসে সেই সাদা মেঘেদের দলে শামিল হয়েছিল। এবার সে সূর্যের দিকে তাকাল।

হঠাৎই জলকণাটি বুঝতে পারল—তাকে এখন কী করতে হবে। সে কোনোমতে নড়াচড়া করতে করতে জলের উপরিভাগে উঠে এল। সর্বশক্তি দিয়ে ওপরের দিকে ওঠার চেষ্টা করতেই সে উষ্ণ সূর্যের আলোর স্পর্শ পেল। আবার সে জলীয় বাষ্প হয়ে আকাশের পানে উঠে গেল।





এবার সে একদৃষ্টিতে সূর্যের দিকে তাকিয়ে রইল। আর যখন রাত নেমে এল, তখন সে তারাদের স্নিগ্ধ আলোয় নিজেকে ডুবিয়ে দিল।

একদিন জলকণাটি নিচের দিকে—পৃথিবীর পানে তাকাল। সে দেখতে পেল সেই বিশাল সাগরকে, যেখান থেকে সে উঠে এসেছিল। সে দেখতে পেল সেই নদীটিকে এবং সেই খরস্রোতা ঝর্ণাটিকেও। তার যাত্রাপথে সে যা-কিছু পেছনে ফেলে এসেছিল—সবকিছুই এখন তার চোখের সামনে উজ্জ্বল হয়ে ফুটে উঠল।

ছোট ছোট মেঘের দল এসে জলকণাটির চারপাশে জড়ো হতে শুরু করল। জলকণাটি নিজেকে আরও ওপরের দিকে টেনে নিল এবং সেই মেঘেদেরও ছাড়িয়ে আকাশের সর্বোচ্চ শিখরে উঠে গেল।

এরপর সে ধীরে ধীরে কুয়াশায় পরিণত হয়ে গেল। সেই কুয়াশা চারদিকে ছড়িয়ে পড়ল এবং পারিপার্শ্বিক বাতাসের সাথে একাকার হয়ে মিশে গেল।

ক্রিস্টোফার ই. জোন্স-এর "One Drop of Water" অবলম্বনে রচিত

© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi


Bengali Sriparna Tamhane


L. S. Saraswathi S. Rajalakshmi

Artist Uma Krishnaswamy

69

যে শিশুটি সূর্যের সাথে খেলা করত










হনুমান যখন ছোট ছিল, তখন সে ছিল এক অত্যন্ত দুরন্ত বানর-শিশু। সে যেকোনো কিছুকেই খেলাতে পরিণত করত! তার মা অঞ্জনা তাকে সামলাতেই পারতেন না।



একবার হনুমান লক্ষ্য করল যে, সূর্যের একটি রশ্মি তার মুখের ওপর এসে পড়েছে। সে আকাশের দিকে তাকাল। ওই তো সূর্য! দেখতে ঠিক যেন একটি বিশাল লাল ফল। সেটাকে ধরার জন্য সে লাফ দিল- উপরে, আরও উপরে, আরও উপরে। "আমি তোমাকে খেয়ে ফেলব!" সে বলে উঠল।

সূর্য এতে মোটেও খুশি হলো না। সে পালিয়ে যাওয়ার চেষ্টা করল। কিন্তু হনুমান সারা আকাশ জুড়ে তার পিছু ধাওয়া করল। দিন গড়িয়ে রাত হল, আর রাত পেরিয়ে আবার দিন এল। সেই ধাওয়া করতেই থাকল। হনুমানের কাছে এ এক কী চমৎকার খেলা!

সূর্য বুঝতে পারল যে তার সাহায্যের প্রয়োজন। সে ইন্দ্রকে ডাকল । ইন্দ্র যখন দেখলেন কী ঘটছে, তখন তিনি ভীষণ রেগে গেলেন । তিনি বজ্রের আঘাতে হনুমানকে ধরাশায়ী করলেন! হনুমানের শ্বাস-প্রশ্বাস বন্ধ হয়ে গেল। সে নিচের দিকে পড়তে শুরু করল।

হনুমানের দিব্য পিতা, পবনদেব (বায়ু), তাকে মাঝ-আকাশেই লুফে নিলেন। "তুমি কীভাবে এমন একটি ছোট শিশুকে আঘাত করতে পারলে?" তিনি ইন্দ্রের ওপর গর্জে উঠলেন।

পবনদেব—যিনি সমস্ত বাতাসের চেয়ে বেশি দ্রুতগামী—এবার গভীর শ্বাস নিলেন এবং পৃথিবী থেকে সমস্ত বাতাস শুষে নিলেন। সারা পৃথিবী জুড়ে সাইক্লোন, হারিকেন এবং টর্নেডো বয়ে গেল। এমনকি বিশাল পর্বতমালাও টলমল করতে শুরু করল! সমস্ত মানুষ ভয়ে দিশেহারা হয়ে পড়ল। তারা আতঙ্কে এদিক-সেদিক ছুটোছুটি করতে লাগল।

তখন পবনদেব বললেন: "আমার পুত্রের দেহে শ্বাস ফিরিয়ে দাও, তার বিনিময়ে আমি পৃথিবীতে বাতাস ফিরিয়ে দেব।"



তিনি হনুমানকে মাটির অনেক গভীরে নিয়ে গেলেন এবং অপেক্ষা করতে লাগলেন।

বাতাস পুরোপুরি থেমে গিয়েছিল। গাছপালা, ফুল, ঝোপঝাড়, লতাগুল্ম, মানুষ এবং পশুপ্রাণী—সমস্ত জীবজন্তু—একটু বাতাসের জন্য হাঁসফাঁস করতে লাগল।

শীঘ্রই চারপাশ নিস্তব্ধ হয়ে গেল; কোথাও কোনো শব্দ রইল না। বাতাস ছাড়া পৃথিবী যেন মৃত্যুর কোলে ঢলে পড়ছিল।

দেবতারা আতঙ্কিত হয়ে পড়লেন। "দয়া করে ইন্দ্রকে ক্ষমা করুন," তাঁরা মিনতি করলেন এবং হনুমানের দেহে পুনরায় প্রাণসঞ্চার করলেন।

তাঁরা হনুমানকে নিরাপদ রাখার জন্য কিছু বিশেষ উপহারও দিলেন:

"বজ্রপাত ও বিদ্যুৎ তোমার কোনো ক্ষতি করতে পারবে না!"

"তুমি যেখানে খুশি, সেখানেই উড়ে যেতে পারবে!""

তুমি নিজের ইচ্ছেমতো তোমার আকৃতি ও আকার পরিবর্তন করতে পারবে!"

এভাবেই দেবতারা হনুমানকে বিশেষ শক্তিসমূহ দিয়ে আশীর্বাদ করলেন।





কিন্তু পবনদেব এতেও সন্তুষ্ট হলেন না। "আমার পুত্র কি এই বিশেষ শক্তিগুলো কীভাবে ব্যবহার করতে হয়, তা জানতে পারবে? বুদ্ধি বা প্রজ্ঞা ছাড়া এই শক্তিগুলো তো একেবারেই অকেজো," তিনি দেবতাদের বললেন।

"চিন্তা করবেন না!" দেবতারা অভয় দিলেন। "হনুমান তাঁর দৈহিক শক্তির পাশাপাশি তাঁর প্রজ্ঞার জন্যও সুপ্রসিদ্ধ হবেন!"

অবশেষে বায়ু নিঃশ্বাস ত্যাগ করলেন। মৃদু বাতাস বইতে শুরু করল। সমগ্র পৃথিবীতে মানুষ, পশু ও গাছপালা —সবকিছুতেই প্রাণ ফিরে এল।



© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi

L. S. Saraswathi S. Rajalakshmi

Bengali Sriparna Tamhane

Artist Uma Krishnaswamy


70 তিনটি পালক

একদিন এক ঋষি তাঁর শিষ্যকে বললেন, "আজ তোমাকে বনে গিয়ে ঔষধি লতাপাতা সংগ্রহ করতে হবে। তোমার সাথে এই তিনটি পালক নিয়ে যাও। এগুলো তোমাকে বিপদ থেকে রক্ষা করবে।" এই বলে তিনি শিষ্যকে তিনটি পালক দিলেন।

শিষ্য বনের ভেতর ঘুরে ঘুরে ঔষধি লতাপাতা সংগ্রহ করতে লাগল। কয়েক ঘন্টা পর সে খুব ক্লান্ত হয়ে পড়ল। তাই সে কিছুক্ষণ বিশ্রাম নেওয়ার সিদ্ধান্ত নিল। হঠাৎ একটি কন্ঠস্বর তাকে ডেকে উঠল, "খোকা! আমার সাথে বাড়ি চলো। আমি তোমাকে চমৎকার রাতের খাবার রেঁধে খাওয়াব, তারপর তুমি যত খুশি বিশ্রাম নিতে পারবে।" কন্ঠস্বরটি ছিল এক বৃদ্ধা মহিলার। তিনি শিষ্যটির দিকে তাকিয়ে মিষ্টি করে হাসলেন।

সেই বৃদ্ধা শিষ্যটিকে পথ দেখিয়ে এক বিশাল প্রাসাদে নিয়ে গেলেন। প্রাসাদের চূড়াগুলো আকাশপানে মাথা তুলে দাঁড়িয়ে ছিল। "আমি তো জানতামই না যে এই বনের ভেতর এমন সব বিস্ময় লুকিয়ে আছে!" মনে মনে ভাবল শিষ্যটি। সে বৃদ্ধার পিছু পিছু প্রাসাদের ভেতরে প্রবেশ করল। কিন্তু ভেতরে ঢোকার পরই—"হা হা হা!" বৃদ্ধা মহিলার জায়গায় সেখানে এখন দাঁড়িয়ে ছিল এক ভয়ংকর জাদুকর!

"তোমার জন্য রাতের খাবার?" জাদুকর অট্টহাসি হেসে বলল। "আসলে তো তুমিই হবে আমার সুস্বাদু ভোজ!" শিষ্যটি ভয়ে থরথর করে কাঁপতে লাগল। এখান থেকে পালানোর কি কোনো উপায় আছে?



ঠিক তখনই তার সেই তিনটি পালকের কথা মনে পড়ল। সে একটি ফন্দি আঁটল। সে জাদুকরকে বলল, "আমাকে এখনই খেয়ে ফেলবেন না; দেখুন আমি কত নোংরা হয়ে আছি। আগে আমাকে স্নান করতে দিন। স্নান সেরে আমি যখন আপনার কাছে ফিরে আসব, তখন আমি হবো একদম পরিষ্কার-পরিচ্ছন্ন আর সুগন্ধি!"



স্নানঘরে ঢুকে শিষ্যটি একটি পালক মেঝেতে ফেলে দিয়ে বলল, "যখনই জাদুকর আমাকে ডাকবে, তুমি আমার হয়ে উত্তর দিও।" তারপর সে জানলা দিয়ে লাফিয়ে বাইরে পড়ল এবং যত তাড়াতাড়ি সম্ভব দৌড়ে পালাতে লাগল।

কিছুক্ষণ পরেই জাদুকর শিষ্যকে ডেকে তাড়া দিল। ভেতর থেকে উত্তর এল, "এই তো আমি চলে আসছি!" কিন্তু স্নানঘর থেকে শিষ্য আর বেরিয়ে এল না!


জাদুকর যখন আবার ডাকল, তখনো ভেতর থেকে সেই একই উত্তর এল। কিন্তু এবারও শিষ্যটি বেরিয়ে এল না! ক্ষুধার্ত জাদুকরের ধৈর্যের বাঁধ ভেঙে গেল; সে আর এক মুহূর্তও অপেক্ষা করতে পারছিল না। নিজের জাদুকরী শক্তিবলে সে স্নানঘরের দরজা ভেঙে ফেলল। কিন্তু ঘরটি ছিল একদম খালি! জাদুকর ক্রোধে কাঁপতে লাগল। সে প্রাসাদ থেকে বেরিয়ে এসে চিৎকার করে বলতে লাগল, "আমি তোকে ধরবই!"

শিষ্যটি শুনতে পেল যে জাদুকর তার পিছু ধাওয়া করে এগিয়ে আসছে। সে তাড়াতাড়ি আরেকটি পালক হাতে তুলে নিয়ে বলল, "আমার আর জাদুকরের মাঝখানে একটি নদী তৈরি করে দাও!" মুহূর্তের মধ্যেই সেখানে একটি নদী বয়ে চলল। সেই জাদুকরকে ভাসিয়ে নিয়ে যাওয়ার উপক্রম তৈরি হল ! শিষ্যটি স্বস্তির নিঃশ্বাস ফেলল। " উফ, আমি বেঁচে গেছি!" সে মনে মনে ভাবল।

কিন্তু ঠিক তখনই, "গলগল" করে জলের শব্দ ভেসে এল। পেছনে ফিরে শিষ্যটি এক ভয়াবহ দৃশ্য দেখল! জাদুকর তার মুখটা বিশাল করে হাঁ করে আছে। সে নদীর জল পুরোটাই পান করে ফেলছে! জল কলকল শব্দে তার মুখের ভেতর ছুটে ঢুকছে।

শিষ্যটি তৃতীয় পালকটি হাতে তুলে নিল। "আমার ঠিক পেছনে একটি দাবানল সৃষ্টি করো," সে আদেশ দিল। দাউ দাউ করে এক বিশাল আগুন জ্বলে উঠল। কিন্তু আবার জাদুকর তার মুখটা বিশাল করে হাঁ করল। শোঁওও! সে যে জল গিলে খেয়েছিল, তার সবটুকু প্রবল বেগে বেরিয়ে এল। এক দীর্ঘ, তীক্ষ্ণ হিসহিস শব্দের সাথে সাথে আগুন নিভে গেল।

জঙ্গলের ভেতর দিয়ে ধোঁয়ার কুণ্ডলী পাকিয়ে উপরে উঠতে লাগল। সেগুলো গাছের ফাঁকে ফাঁকে পাক খেতে খেতে মিলিয়ে গেল।



বেচারা শিষ্য! এখন তার আর কিছুই করার ছিল না—কেবল দৌড়ানো আর ভাগ্যের ওপর ভরসা করা ছাড়া। মাথা নিচু করে সে বাতাসের বেগে ছুটতে লাগল। অবশেষে সে ঋষির বাড়িতে গিয়ে পৌঁছাল।

জাদুকর ছিল ঠিক তার পেছনেই। সে বাড়ির প্রবেশপথে এসে থামল এবং ঋষিকে জিজ্ঞেস করল, "আপনি কি আপনার শিষ্যকে আমার হাতে তুলে দেবেন? নাকি তার বদলে আমি আপনাকেই খেয়ে ফেলব?"

"নিজের ক্ষমতা নিয়ে এত নিশ্চিত হবেন না!" ঋষি উত্তর দিলেন। "আমি মন্ত্রের লড়াইয়ে আপনার সাথে সমানে পাল্লা দিতে পারি! চলুন, আমাদের মধ্যে একটা প্রতিযোগিতা হোক। আপনি যদি জেতেন, তবে আমার শিষ্যকে নিয়ে যেতে পারেন।"

"বেশ। তবে শুরু করা যাক," জাদুকর বলল।

"আপনি কি নিজেকে এই বাড়িটির সমান উঁচু করতে পারবেন?" ঋষি জিজ্ঞেস করলেন। মুহূর্তের মধ্যেই জাদুকর সেই বাড়িটির সমান উঁচু হয়ে গেল। কিন্তু ঋষি তাতে বিন্দুমাত্রও প্রভাবিত হলেন না। "লম্বা তো যে-কেউই হতে পারে," তিনি বললেন। "আচ্ছা, এখন বলুন তো—আপনি কি নিজেকে একটা মটরদানার সমান ছোট করতে পারবেন?"

"এ আবার কঠিন কী?" জাদুকর জিজ্ঞেস করল। চোখের পলকে সে নিজেকে একটা মটরদানায় রূপান্তরিত করে ফেলল। ঋষি সেই মটরদানাটি তুলে নিয়ে নিজের মুখের ভেতর পুরে দিলেন। এক জোরালো ঢোক গিলে তিনি সেটি গিলে খেয়ে ফেললেন।

আর এভাবেই সেই দুষ্ট জাদুকরের চিরসমাপ্তি ঘটল!

একটি জাপানি লোককথা অবলম্বনে রচিত



© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi

L. S. Saraswathi S. Rajalakshmi

Bengali Sriparna Tamhane

Artist Uma Krishnaswamy



পাখিদের বাসা

পাখি! তাদের উজ্জ্বল রঙ দিয়ে তারা আমাদের চোখ ধাঁধিয়ে দেয়! তাদের গানের সুরে তারা আমাদের মন ভালো করে দেয়! আর ওহ, তারা কী চমৎকার সব বাসা তৈরি করে!

বেশিরভাগ পাখি তাদের বাসাতেই বসবাস করে না। তারা মূলত তাদের ছানাদের জন্যই বাসা তৈরি করে। তারা বাসাতেই ডিম পাড়ে এবং সেগুলোতে তা দিয়ে উষ্ণ রাখে। সেখানেই তারা ছানাদের খাইয়ে-দাইয়ে বড় করে। ছানারা উড়তে শেখার মতো বড় না হওয়া পর্যন্ত বাসাতেই অবস্থান করে। এরপর পুরো পরিবারটিই উড়ে চলে যায়।



কিছু পাখি বছরের পর বছর ধরে তাদের পুরনো বাসাই পুনরায় ব্যবহার করে। কিন্তু কাকের মতো অনেক পাখিই প্রতি ঋতুতে নতুন করে বাসা তৈরি করে। একারণেই আমরা প্রায়ই কাকদের ঠোঁটে ছোট ছোট ডালপালা বয়ে নিয়ে যেতে দেখি। নিরাপত্তার স্বার্থে, তারা গাছের যতটা সম্ভব উঁচুতে তাদের বাটির মতো দেখতে বাসাগুলো তৈরি করে।

আপনি কি জানেন যে, সব পাখির বাসা বাটির মতো দেখতে হয় না? আসলে বহু রকমের বাসা রয়েছে। কোনো কোনো বাসা সেলাই করে তৈরি করা হয়। কোনোটা আবার বুনন করে তৈরি হয়। আর কোনো কোনো বাসা তো স্রেফ মাটিতে গর্ত খুঁড়ে তৈরি করা হয়!



টুনটুনি বা দর্জি পাখি (Tailor bird) সেলাই করে তার বাসা তৈরি করে। এটি গাছের দুটি ঝোলানো পাতায় ছিদ্র করে এবং সেই ছিদ্রগুলোর ভেতর দিয়ে গাছের আঁশ বা তন্তু ঢুকিয়ে পাতা দুটিকে জুড়ে দেয়। বাসাটি তার চারপাশের পাতার সাথে এতটাই মিশে থাকে যে, আমরা পাশ দিয়ে হেঁটে গেলেও বিন্দুমাত্র সন্দেহ করতে পারি না!



আর বাবুই বা তাঁতি পাখি (Weaver bird) কীভাবে তার বাসা তৈরি করে? এটি গাছের ডালের আগায় একটি শক্ত গিঁট বাঁধে। এরপর এটি গাছের আঁশ দিয়ে বুনে বুনে একটি বিশাল গোলাকার কাঠামো তৈরি করে। তৈরি হয়ে যাওয়ার পর বাসাটি দেখতে ঠিক একটি উল্টানো কলসির মতো লাগে। এর লম্বা সরু মুখটি নিচের দিকে শূন্যে ঝুলে থাকে, যাতে কোনো শিকারি প্রাণী বাসার ভেতরে ঢুকতে না পারে।

কাঠঠোকরা (Woodpecker) এবং ধনেশ (Hornbill)-এর মতো কিছু পাখি গাছের কোটর বা গর্তকে তাদের বাসা হিসেবে ব্যবহার করে। ওহ, ধনেশ পাখি! আপনি কি কখনো ধনেশ দেখেছেন? এর মাথার ওপর একটি বড় কমলা রঙের ঝুঁটি বা টুপি থাকে এবং ঠোঁটটিও হয় লম্বা ও কমলা রঙের। যখন এটি ওড়ে, তখন এর ডানার ঝাপটানোর বেশ জোরে শব্দ হয়। এটি একটি সাহসী পাখি—আর সেই সাথে নিজের বাহাদুরি দেখাতেও খুব পছন্দ করে!




যখন মা ধনেশ ডিম পাড়ার জন্য প্রস্তুত হয়, তখন সে গাছের কোটরের ভেতরে প্রবেশ করে। বাবা পাখিটি বাসার প্রবেশপথটি দেয়াল তুলে বন্ধ করে দেয়; তবে বাতাস চলাচল এবং খাবার দেওয়ার সুবিধার্থে সেখানে একটি ছোট ছিদ্র খোলা রাখে। ছানারা বড় না হওয়া পর্যন্ত মা পাখিটি বাসার ভেতরেই অবস্থান করে। যখন সে বাবার সাথে খাবার আনার কাজে সাহায্য করার জন্য দেয়াল ভেঙে বাইরে বেরিয়ে আসে, তখন ছানারা নিজেরাই বাসার ভেতরের আবর্জনা ব্যবহার করে সেই দেয়ালটি পুনরায় তৈরি করে ফেলে।

কী অদ্ভুত ব্যাপার, তারা যেন সহজাতভাবেই জানে যে তাদের ঠিক কী করতে হবে! সব পাখি কি নিজেরাই বাসা তৈরি করে? না, তারা তা করে না! কোকিলের (Cuckoo)মতো কিছু পাখি অন্য পাখির বাসায় ডিম পাড়ে। এমনকি কিছু পাখি তো মাটিতেই ডিম পাড়ে!



পাখিদের মধ্যে অন্যতম বিস্ময়কর একটি পাখি হলো মাছরাঙা (Kingfisher); এরা মাটিতে বাসা বাঁধে। আপনি কি কখনো মাছরাঙাকে মাছ ধরতে দেখেছেন? এটি গাছের নিচু কোনো ডালে বসে থাকে এবং জলের দিকে একদৃষ্টিতে তাকিয়ে থাকে। হঠাৎই এটি জলে ঝাঁপ দেয়—আর আপনি ‘এক, দুই, তিন’ গুনে শেষ করার আগেই, ঠোঁটে একটি মাছ নিয়ে এটি আবার সেই ডালে ফিরে আসে!






বাসা বাঁধার সময় মাছরাঙারা কোনো হ্রদ বা পুকুরের পাড়ে বালির মধ্যে একটি সুড়ঙ্গ খুঁড়ে নেয়। ডিম পাড়ার পর, বাবা মাছরাঙা মা-পাখিকে ডিমগুলো তা দিতে বা উষ্ণ রাখতে সাহায্য করে। ডিম ফুটে ছানা বের হওয়ার পর, বাবা ও মা—উভয় পাখিই পালা করে ছানাদের জন্য খাবার নিয়ে আসে। বাবা-মা পাখি দুটি এভাবেই টানা চার মাস ধরে পরিশ্রম করে যায়!

পৃথিবীতে অসংখ্য চমৎকার ও আকর্ষণীয় পাখি রয়েছে। আমরা যদি একদম চুপচাপ স্থির হয়ে বসে তাদের পর্যবেক্ষণ করি, তবে তাদের সম্পর্কে অনেক কিছুই জানতে পারব।

আপনার বাড়ির আশেপাশে কোন কোন পাখি বাস করে?



© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi
L. S. Saraswathi S. Rajalakshmi
Bengali Sriparna Tamhane
Artist Uma Krishnaswamy

আমরা কারা?



এই ফলটি আসে নানা জাত ও রূপে—
সবুজ, হলুদ কিংবা লাল; গোলগাল বা সরু।
খোসা ছাড়ালেই মেলে এক চটজলদি নাস্তা—
যা মিষ্টি স্বাদের আর ভিটামিনে ভরপুর।

যেন সবুজ মার্বেল, কাঁচের সুন্দর গুলি—
লতানো গাছে থোকায় থোকায় ঝুলে আছে!


এটি তোমার জিভকে করে দেবে বেগুনি—
আর দাঁতগুলোকে রাঙিয়ে দেবে নীল রঙে!
গাছে থাকা অবস্থায় এটি গাঢ় ও চকচকে দেখায়—
আর শরীরকে জোগায় অজস্র স্বাস্থ্যগুণ।



শক্ত খোসায় মোড়া একটি গোলক—
যার ভেতর ভরা থাকে রসালো প্রকোষ্ঠ।
সেই প্রকোষ্ঠগুলো খাও একে একে—
অথবা ফলটিকে কাটো মাঝখান দিয়ে—
তারপর নিংড়ে বের করে নাও পুষ্টিকর রস।

শিশুরা গাছ থেকে পেড়ে নেয় এই ফল—
তোতাপাখিরা ঠোঁট দিয়ে খুঁড়ে খায় এর ভেতরটা।
এর ভেতর থাকে অসংখ্য ছোট ছোট কুড়মুড়ে বীজ—
সবুজ বা হলুদ রঙের এই ফলের সুবাস বড়ই লোভনীয়।

এর মসৃণ সবুজ খোসায় আঁকা থাকে সুন্দর নকশা—
কাটলেই এটি খুলে যায় ‘কট’ শব্দ করে।
ভেতর থেকে বেরিয়ে আসে লাল রঙের গোল মুখ—যাতে
থাকে অসংখ্য কালো ছোপ।
এর এক টুকরো খেলেই মনটা হয়ে ওঠে সতেজ।




সুঠাম গড়নের একটি গোলাকার ফল—
যা মেলে লাল, সবুজ আর হলুদ রঙে।
ভেতরটা ধবধবে সাদা আর বেশ মচমচে—
কাশ্মীর আর সিমলার মাটিতে এর জন্ম।

পাকা অবস্থায় এই ফলটি হয় টক-মিষ্টি—
এর খোসা ভেঙে ভেতরটা নিতে হয় চটকে।
সেই মণ্ড বা কাই ব্যবহার করা হয় রান্নায়—
আবার পিতলের বাসনপত্র ঝকঝকে করতেও এটি কাজে লাগে।

লাল বা হলুদ রঙের ফলের থোকা—
শুকিয়ে গেলে এদের খোসা হয়ে যায় কুঁচকানো।
এগুলো চিবিয়ে খেতে বেশ সুস্বাদু ও মিষ্টি—
তবে সাবধান! এদের ভেতর লুকিয়ে থাকে শক্ত পাথরের মতো আঁটি!

হাজার মিটমিট করা চোখের ওপর এটি পরে থাকে এক মুকুট—
আচ্ছাদিত থাকে কাঁটাভরা বর্মের আড়ালে।
ভেতরটা টইটম্বুর থাকে আঠালো রসে—
আর মোড়ানো থাকে আঁশযুক্ত আবরণে—
যেন স্বর্গীয় হালুয়ার হাজারো ছোট ছোট গ্রাস!



সবুজ রঙের, কাঁথা-সেলাইয়ের মতো নকশাকাটা এক জ্যাকেটে মোড়া—
যার ভেতর লুকিয়ে থাকে কালো রঙের ডিম্বাকৃতির দানা।
এটি এক অতি সুস্বাদু, মাখনের মতো মোলায়েম ও মিষ্টি ফল।




আমার লাল রঙের রত্নভাণ্ডারের ভেতর—
রয়েছে ছোট ছোট হলুদ প্রকোষ্ঠ।
আর সেই প্রকোষ্ঠগুলোর ভেতরেই সযত্নে রাখা আছে—
মূল্যবান লাল রঙের রত্নদানা।

আঙুর, কমলালেবু, আতাফল, জাম, খেজুর, তরমুজ,
পেয়ারা, আপেল, কাঁঠাল, তেঁতুল, আনারস, কলা, ডালিম।



সবুজ ও লম্বা, তোমার আঙুলের মতন
কাটলে মনে হয় যেন পঞ্চভুজ রত্ন
আর সুস্বাদু রাতের খাবার রাঁধতে এর জুড়ি নেই

এর রঙ কমলা
আকৃতিতে এটি মোচাকৃতির
মাটির নিচেই এর জন্ম
আর আমাদের দৃষ্টিশক্তির জন্য এটি খুবই উপকারী



আমি গোল আর সবুজ
আমার শরীরটা ঠাসা থাকে পাতায়
কুচি করে নাও আর ভাপিয়ে নাও
অথবা মচমচে সালাদে কাঁচাই খেয়ে নাও

কাঁটাভরা ডালপালা আর
পাখার মতো কাঁটাযুক্ত পাতা নিয়ে
সাদা, সবুজ কিংবা বেগুনি রঙের এই ডিম্বাকৃতির ফলটি
নিজের মাথায় যেন মুকুট পরে থাকে



যদি তুমি আমাকে কাটো
তবে আমি তোমাকে কাঁদিয়ে ছাড়ব




এই যে এখানে সবুজ গাছের সারি
কয়েকটা পাতা ছিঁড়ে ভালো করে ধুয়ে নাও
তৈরি করো এক সুস্বাদু ও স্বাস্থ্যকর পদ
আর অপেক্ষা করো—কবে পাতাগুলো আবার গজিয়ে উঠবে

তারার মতো সুন্দর সাদা ফুলের মাঝে
আর পেঁচানো নরম লতানো ডগার ফাঁকে
লম্বা, সাপের মতো এঁকেবেঁকে থাকা ফলগুলো
ঝুলে থাকে মাচার ওপর থেকে!

আমার পাতাগুলো হাতির কানের মতো
আমার মাটির নিচের কন্দগুলো যেন এক-একটা কলসি
মাটির নিচেই তারা লুকিয়ে থাকে
আর তাদের রঙও ঠিক মাটিরই মতো


এক লম্বাটে প্রকোষ্ঠের ভেতর
সবুজ মটরদানার এক বিশাল বাহিনী



আমি সবুজ আর ভীষণ তেঁতো
তবে আমি কোনো ওষুধ নই
ছোটরা আমাকে দেখলেই দৌড়ে পালায়
কিন্তু খাবার হিসেবে আমি একদম পরিপূর্ণ

হলুদ ফুলের এক লতানো গাছে আমি বেড়ে উঠি
পাকলে আমি হয়ে উঠি তরমুজের সমান বড়
তবে আমার রঙটা হালকা, ধূসর-সবুজাভ
স্বাদে আমি একদমই পানসে, তবে পেটের জন্য খুবই উপকারী

পালংশাক, চিচিঙ্গা, বেগুন, চালকুমড়া, ঢেঁড়স,
বাঁধাকপি, ওলকচু, গাজর, পেঁয়াজ, মটরশুঁটি, করলা



© Katha Jharna 2008

P. Saraswati V. Vijayakanthi
L. S. Saraswathi S. Rajalakshmi

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation
Bengali Sriparna Tamhane
Artist Uma Krishnaswamy

73

যে বক্তা কথা বলতে চাইলেন না

মোল্লা নাসিরুদ্দিন ছিলেন একজন জ্ঞানী ব্যক্তি। তিনি একজন দক্ষ বক্তাও ছিলেন। তিনি সবসময় মানুষকে হাসাতে পারতেন এবং ভাবাতেও পারতেন।

একবার তাঁর প্রতিবেশীরা মোল্লাকে একটি সভায় বক্তৃতা দেওয়ার অনুরোধ জানালেন। তিনি সেখানে যেতে চাইছিলেন না। মানুষের সাথে মেলামেশা করতে তিনি খুব একটা পছন্দ করতেন না। শেষমেশ তিনি সভায় যেতে রাজি হলেন বটে, কিন্তু বক্তৃতা দেওয়া থেকে রেহাই পাওয়ার কোনো উপায় খুঁজতে লাগলেন।





সেই দিনটি এল। মোল্লা সভাস্থলে উপস্থিত হলেন। তিনি উঠে দাঁড়ালেন এবং জিজ্ঞেস করলেন, "আমি এখন যা বলতে চলেছি, তা কি আপনারা সবাই জানেন?"


"জানি না... জানি না," সমস্বরে উত্তর এল। এতে মোল্লা ভীষণ রেগে গেলেন। তিনি বললেন, "যারা কিছুই জানে না, তাদের সামনে বক্তৃতা দেওয়ার জন্য আমি প্রস্তুত নই!" এই বলে তিনি বাড়ির পথে রওনা দিলেন।

শ্রোতারা কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়লেন। তাঁদের মধ্যে কয়েকজন মোল্লা নাসিরুদ্দিনের পিছু নিলেন। তাঁরা মিনতি করে বললেন, "আমাদের ক্ষমা করুন!" এরপর তাঁরা তাঁকে পরবর্তী সভায় আসার আমন্ত্রণ জানালেন। তিনি যেতে রাজি হলেন।



মানুষজন মোল্লাকে আর চটাতে চাইছিলেন না। তাই তাঁরা একটি ফন্দি আঁটলেন।

পরবর্তী সভা শুরু হলো। আবার মোল্লা জিজ্ঞেস করলেন, "আমি এখন যা বলতে চলেছি, তা কি আপনারা জানেন?" কিন্তু এবার সবাই সমস্বরে বলে উঠল, "জানি! আমরা জানি!"



মোল্লা জিজ্ঞেস করলেন, "যে বিষয়টি আপনারা আগে থেকেই জানেন, সে সম্পর্কে আমি কেন আর কথা বলতে যাব?" এই বলে তিনি বাড়ির পথে পা বাড়ালেন।

কী দারুণ হতাশা! সভায় উপস্থিত লোকজন আলোচনা করতে লাগলেন—এখন কী করা যায়। তাঁরা একে অপরকে বললেন, "আমরা আমাদের মোল্লার স্বভাব বুঝে গেছি!" আর তাঁরা নতুন আরেকটি পরিকল্পনা করলেন।

পরবর্তী সভা শুরু হলো। মোল্লা জিজ্ঞেস করলেন, "আমি এখন যা বলতে চলেছি, তা কি আপনারা জানেন?" উপস্থিত লোকজনের অর্ধেক বললেন, "আমরা জানি! আমরা জানি!" আর বাকি অর্ধেক বললেন, "আমরা জানি না! আমরা জানি না!"

মোল্লা নাসিরুদ্দিন বললেন, "বেশ তবে!" "যারা জানেন, তাঁরাই বরং যারা জানেন না—তাদের বিষয়টি বুঝিয়ে বলুন!" এই বলে তিনি সভা থেকে বেরিয়ে গেলেন।

উপস্থিত জনতা একেবারে বাকরুদ্ধ হয়ে গেল!



© Katha Jharna 2008

P. Saraswati V. Vijayakanthi
L. S. Saraswathi S. Rajalakshmi

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation
Bengali Sriparna Tamhane
Artist Uma Krishnaswamy

ইউকিও ও তিমি

ইউকিও ছিল এক জেলের ছেলে। সে তার মা-বাবার সাথে সমুদ্রের তীরে বাস করত। যখন সে ঘরের কাজ বা পড়াশোনা নিয়ে ব্যস্ত থাকত না, তখন সমুদ্রতীরের কাছে থাকা পাথুরে জলাশয়গুলো ঘুরে দেখতে সে খুব ভালোবাসত। সেখানে সে তারামাছ, কাঁকড়া এবং মাঝে মাঝে সামুদ্রিক স্পঞ্জও খুঁজে পেত।

!

একদিন একটি অদ্ভুত শব্দ শুনে ইউকিও এই সব বিস্ময়কর দৃশ্য থেকে অন্য দিকে আকৃষ্ট হলো। শব্দটা কিসের? সে দেখতে গেল। ওই তো! পাথরের মাঝে আটকে পড়া এক বিশাল তিমি বালির ওপর তার লেজ আছড়াচ্ছে। তিমিটি আটকে পড়েছে



"আহা, বেচারা তিমি!" ইউকিও সবিস্ময়ে বলে উঠল। "জল ছাড়া তো তুমি বাঁচতে পারবে না!" সে এক মুহূর্ত ভাবল। তারপর বলল, "আমি তোমাকে সাহায্য করতে পারি!"

ইউকিও একটি বালতি হাতে নিয়ে সমুদ্রের দিকে দৌড় দিল। সে বালতিটি জলে পূর্ণ করে তিমির কাছে ফিরে এল। সে খুব যত্ন করে তিমির মাথার ওপর জল ঢেলে দিল। সে আবার বালতি ভরে তিমির পিঠের ওপর জল ঢেলে দিল। আবার সে বালতিটি ভরে তিমির লেজের ওপর জল ঢালল।

ইউকিও তিমিটিকে বলল, "তুমি বিশাল বড়, তাতে কী? আমি তোমার জন্য এক হাজার বালতি জল বয়ে আনব!"

সে আবার সমুদ্রের দিকে দৌড়ে গেল। সে বালতি পূর্ণ করল এবং আবার দৌড়ে ফিরে এল। "লেজের জন্য তিন বালতি! পিঠের জন্য চার বালতি! মাথার জন্য পাঁচ বালতি!" অনবরত গুনতে গুনতে ইউকিও জল ঢালতে লাগল। তবুও, তিমির শরীরের কিছু অংশ শুকিয়ে যাচ্ছিল। ইউকিও দৌড়াতে লাগল আর জল ঢালতে লাগল।

হঠাৎ তার শরীরের সব শক্তি ফুরিয়ে গেল। সে বালির ওপর ধপাস করে পড়ে গেল! সে এতটাই ক্লান্ত হয়ে পড়েছিল যে নড়ারও শক্তি ছিল না!



কিন্তু তার মনের ভেতর সেই কথাগুলোই ঘুরপাক খেতে লাগল—"...এক হাজার বালতি জল... এক হাজার বালতি জল..." সে এক লাফে উঠে দাঁড়াল এবং আবার সমুদ্রের দিকে দৌড় দিল। সে আর থামল না, যতক্ষণ না...

"আর দরকার নেই!" ইউকিও চারদিকে তাকাল। ওই তো তার দাদু দাঁড়িয়ে আছেন! আর সাথে গ্রামের আরও অনেক মানুষ!

"তুমি খুব পরিশ্রম করেছ," তার দাদু তাকে বললেন। "এবার বিশ্রাম নাও!" তিনি ইউকিওকে একটি বিশাল পাথরের ছায়ায় নিয়ে গেলেন।



গ্রামের সবাই হাতে পাত্র আর তোয়ালে নিয়ে সেখানে এসেছিল। তারা তাদের পাত্রগুলো জলে পূর্ণ করল এবং তিমির ওপর সেই জল ঢেলে দিল। তারা তোয়ালেগুলো ভিজিয়ে তিমির পিঠের ওপর বিছিয়ে দিল। অবশেষে তিমিটির সারা শরীর ভিজে গেল। কিন্তু গ্রামবাসীরা থামল না। জোয়ার আসা পর্যন্ত তারা অবিরাম কাজ করে চলল।

এখন ঢেউগুলো তিমির লেজ ধুয়ে দিচ্ছিল। ধীরে ধীরে তার শরীর বালুচর থেকে ওপরে উঠে এল। অবশেষে, এক বিশাল ঢেউ আছড়ে পড়ল। সেটি তিমিটিকে পাথরের ওপর দিয়ে তুলে নিয়ে সাগরের গভীরে ভাসিয়ে নিয়ে গেল।

মানুষজন উল্লাস করে উঠল। তারা তিমিটিকে সাঁতরে দূরে চলে যেতে দেখল। তারপর তারা নিজেদের জিনিসপত্র গুছিয়ে নিয়ে, হাসতে ও গল্প করতে করতে বাড়ির পথে রওনা হলো। আর ইউকিও? সে তখন তার দাদুর কোলে গভীর ঘুমে আচ্ছন্ন।

একটি জাপানি গল্প—"আ থাউজেন্ড পেইলস অফ ওয়াটার"

(A Thousand Pails of Water)—থেকে অবলম্বিত।



© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi

L. S. Saraswathi S. Rajalakshmi

Bengali Sriparna Tamhane

Artist Uma Krishnaswamy

এক দানা চাল

একদা এক সুখী ও সমৃদ্ধশালী রাজ্য ছিল। তার মাটি ছিল অত্যন্ত উর্বর ও ফলনশীল। রাজ্যের হ্রদ ও নদীগুলো স্বচ্ছ জলে কানায় কানায় ভরে থাকত। প্রতি বছর রাজ্যের প্রজারা প্রচুর পরিমাণে ধানের ফসল ফলাত।

প্রচলিত প্রথা অনুযায়ী, অতিরিক্ত যে ধান বা চাল উৎপাদিত হতো, তা রাজার গুদামঘরে জমা রাখা হতো। দীর্ঘকালের সমৃদ্ধির ফলে গুদামঘরে সঞ্চিত চালের পরিমাণ অতীতের যেকোনো সময়ের চেয়ে অনেক বেশি হয়ে দাঁড়িয়েছিল। গুদামঘরগুলো তখন পূর্ণ ছিল।

কিন্তু এক বছর বর্ষা এল না। রাজ্যে দুর্ভিক্ষ নেমে এল। রাজার মন্ত্রীরা তাঁর কাছে গিয়ে বললেন, "মহারাজ, এখন সময় এসেছে গুদামঘরের দরজা খুলে দিয়ে সঞ্চিত চাল প্রজাদের মাঝে বিতরণ করার।"

কিন্তু রাজা তাতে অস্বীকৃতি জানালেন! তিনি প্রশ্ন করলেন, "আমি যদি সব চাল বিলিয়ে দিই, তবে আমার অতিথিদের কী দিয়ে আপ্যায়ন করব?" ফলে প্রজাদের অনাহারেই দিন কাটাতে হলো।



একদিন রাজার সাথে দেখা করতে কয়েকজন বিশিষ্ট অতিথি এলেন। তাঁদের সম্মানে এক বিশাল ভোজের আয়োজন করা হলো। হাতিদের পিঠে চাপিয়ে ঝুড়ি ভর্তি চাল রাজপ্রাসাদে নিয়ে যাওয়া হচ্ছিল।

রানি নামের এক বালিকা হাতিদের সেই শোভাযাত্রাটি দাঁড়িয়ে দেখছিল। হঠাৎ সে লক্ষ্য করল, একটি ঝুড়ি থেকে চাল গড়িয়ে নিচে মাটিতে পড়ছে। ঝুড়িটির এক জায়গায় একটি ছিদ্র ছিল! রানি দৌড়ে গিয়ে নিজের আঁচলে সেই ঝরে পড়া চালের দানাগুলো কুড়িয়ে নিতে লাগল। সে হাতিদের পাশ দিয়ে হাঁটতে থাকল এবং ঝরে পড়া প্রতিটি দানা যত্ন করে কুড়িয়ে নিল।

শোভাযাত্রাটি রাজপ্রাসাদের প্রাঙ্গণে এসে পৌঁছাল। সেখানে প্রহরীরা রানিকে থামিয়ে জিজ্ঞাসাবাদ করল। তারা তাকে জিজ্ঞেস করল, "এত চাল তুমি কোথায় পেলে? এগুলো দিয়ে তুমি কী করবে?"


রানি তাদের উত্তর দিল, "একটি ঝুড়ি থেকে চালগুলো গড়িয়ে নিচে পড়ছিল। আমি এগুলো মহারাজকে উপহার দিতে নিয়ে যাচ্ছি।"

রাজাকে বিষয়টি জানানো হলো। তিনি বললেন, "ওই বালিকাটি অত্যন্ত সৎ ও নিষ্ঠাবান। তাকে অবিলম্বে আমার সামনে নিয়ে এসো!" প্রহরীরা রাজার আদেশ পালন করল।

রাজা রানিকে বললেন, "খুকি, তুমি সততা ও ন্যায়পরায়ণতার পরিচয় দিয়েছ। আমি তোমাকে পুরস্কৃত করতে চাই। তুমি যা চাইবে, আমি তোমাকে তাই দেব!"

রানি বলল, "আমি কোনো পুরস্কারের আশায় আসিনি। তবে আপনি যদি একান্তই আমাকে কিছু দিতে চান, তবে দয়া করে আমাকে মাত্র 'এক দানা চাল' উপহার দিন। আমার আর কিছুই চাই না!"

রাজা তার মুখের দিকে অবাক দৃষ্টিতে তাকিয়ে রইলেন। তিনি বিস্ময়ের সাথে বলে উঠলেন, "কিন্তু আমি তো স্বয়ং মহারাজ! আমি যখন পুরস্কার দেব, তখন তা অবশ্যই বড়সড় কিছু হতে হবে। মাত্র 'এক দানা চাল' তো কোনো পুরস্কারই নয়!"




রানি বলল, "তাহলে কি আপনি আমাকে ত্রিশ দিনের জন্য চাল দেবেন? আজ আমাকে এক দানা চাল দিন। কাল আপনি আমাকে দুই দানা দিতে পারেন। আর তার পরের দিন চার দানা। প্রতিদিন আপনি আমাকে আগের দিনের সংখ্যার দ্বিগুণ করে দিতে পারেন।"

"তুমি কি শুধু এটুকুই চাও? তুমি কি নিশ্চিত?" রাজা জিজ্ঞেস করলেন। রানি তার দাবিতে অটল রইল। "এত সামান্য একটি পুরস্কার দেওয়ার সামর্থ্য নিশ্চয়ই আমার আছে," রাজা মনে মনে ভাবলেন। "আমি তোমার বুদ্ধিমত্তার প্রশংসা করি!" তিনি রানিকে বললেন।

সেদিন রানি তার সেই এক দানা চাল নিয়ে বাড়ি ফিরল। পরের দিন তার বাড়িতে দুই দানা চাল পৌঁছে দেওয়া হলো। তার পরের দিন এল চার দানা। দশম দিনে নিয়ে আসা হলো ৫১২ দানা চাল। সেটা ছিল মোটামুটি এক মুঠো চালের সমান।

ষোড়শ দিনে রানি পেল দুই ঝুড়ি চাল। তাতে ছিল ৩২,৭৬৮ দানা। সেদিন রাজা মনে মনে ভাবলেন, "আমাকে যে এত বেশি চাল দিতে হবে, তা আমি ভাবতেই পারিনি!" চব্বিশতম দিনে রানি পেল আট ঝুড়ি চাল, যাতে ছিল ৮,৩৮৮,৬০৮ দানা।

সাতাশতম দিনে সে পেল চৌষট্টি ঝুড়ি চাল। এই চাল বত্রিশটি হাতির পিঠে চাপিয়ে নিয়ে আসা হয়েছিল। তাতে ছিল ৬৭,১০৮,৮৬৪ দানা।



"চালের পরিমাণ এত দ্রুত কীভাবে বেড়ে গেল?" রাজা চিন্তিত হয়ে ভাবলেন। তিনি আর কত চাল দিতে পারবেন? কিন্তু তিনি তো কথা দিয়ে ফেলেছিলেন। তিনি কি একটি ছোট মেয়ের চেয়েও কম মর্যাদাবোধের পরিচয় দেবেন?



ত্রিশতম দিনটি এল। দুইশো ছাপ্পান্নটি হাতি ৫৩৬,৮৭০,৯১২ দানা চাল বয়ে নিয়ে রানির বাড়িতে পৌঁছাল।

এখন রাজার শস্যভাণ্ডার একেবারে শূন্য! তিনি রানিকে রাজপ্রাসাদে ডেকে পাঠালেন এবং জিজ্ঞেস করলেন, "এত চাল দিয়ে তুমি কী করবে?"

রানি উত্তর দিল, "এই চাল ক্ষুধার্ত মানুষদের মাঝে বিলিয়ে দেওয়া হবে—এমনকি আপনাকেও দেওয়া হবে, মহারাজ! তবে এখন থেকে দয়া করে আপনি কেবল ততটুকু চালই নিজের কাছে রাখবেন, যতটুকু আপনার প্রয়োজন। আপনি কি আমাকে সেই প্রতিশ্রুতি দেবেন?"

রাজার অহংকার চূর্ণ হয়ে গেল! "হ্যাঁ। তুমি যা বলবে, আমি ঠিক তাই করব," তিনি প্রতিশ্রুতি দিলেন।

সব মিলিয়ে রানি মোট কতটুকু চাল পেয়েছিল? ১,০৭৩,৭৪১,৮২৩টি শস্যদানা!

আপনি নিজেই এর সত্যতা যাচাই করে দেখতে পারেন। ৩০ দিনের একটি মাসের ক্যালেন্ডারের পাতা নিন। মাসের প্রথম দিনের ঘরের মধ্যে ১টি শস্যদানা লিখুন। এরপর, দ্বিতীয় দিনের ঘরের মধ্যে ২টি শস্যদানা রাখুন। পরবর্তী ঘরের মধ্যে রাখুন ৪টি শস্যদানা। রানি প্রতিদিন ঠিক কতগুলো করে শস্যদানা পেয়েছিলেন, সেই সংখ্যাটি হিসাব করুন এবং ক্যালেন্ডারের পাতাটি পূরণ করে ফেলুন।

সবকটি ঘরের সংখ্যা যদি আপনি যোগ করেন, তবেই আপনি পেয়ে যাবেন—রাজার কাছ থেকে রানি মোট কতগুলো শস্যদানা পেয়েছিলেন।

একটি ভারতীয় লোককথা

© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi

Bengali Sriparna Tamhane

L. S. Saraswathi S. Rajalakshmi

Artist Uma Krishnaswamy

76 জাদুর নুড়িপাথর



একদা এক বনে একটি ছোট্ট ভালুক তার মা ও বাবার সাথে বাস করত। ছোট্ট ভালুকটি নদীর ধারে খেলতে যেতে খুব ভালোবাসত। পথের মাঝে সে অনেক মজার মজার জিনিস দেখতে পেত—বীজ, পাখির পালক, বড় পাথর আর সুন্দর সুন্দর নুড়িপাথর।

নুড়িপাথরগুলোই ছিল ছোট্ট ভালুকটির সবচেয়ে প্রিয়। বাড়িতে তার নুড়িপাথরের বেশ বড়সড় একটি সংগ্রহই গড়ে উঠেছিল!

একদিন ছোট্ট ভালুকটি এমন একটি নুড়িপাথর খুঁজে পেল, যা সূর্যের আলোয় লালচে আভা ছড়াচ্ছিল। কী দারুণ এক রত্ন! সে পাথরটি কুড়িয়ে নিল এবং পথ চলতে লাগল। হঠাৎ মেঘে সূর্য ঢেকে গেল। ঝিরঝির করে বৃষ্টি পড়তে শুরু করল। পথের মাটি কাদাটে হয়ে উঠল। "ইশ, বৃষ্টিটা যদি থেমে যেত!"—ভাবল ছোট্ট ভালুকটি। আর অমনি—চমৎকার! বৃষ্টি থেমে গেল!

"ওহ! আমি তো একটা জাদুর নুড়িপাথর খুঁজে পেয়েছি!"—উপলব্ধি করল ছোট্ট ভালুকটি। "যখনই আমি পাথরটি আমার থাবায় ধরে রাখি, আমার সব ইচ্ছে পূরণ হয়ে যায়!" সে ঘুরে দাঁড়াল—দৌড়ে গিয়ে তার বাবা-মাকে জাদুর নুড়িপাথরটি দেখাবে বলে। কিন্তু বাড়ির পথে ঠিক সামনেই দাঁড়িয়ে ছিল এক বিশাল সিংহ! ভয়ে ছোট্ট ভালুকটির শরীর থরথর করে কেঁপে উঠল। তখন সে ভাবল,




"আমি নিজেকে অন্য কোনো রূপে বদলে ফেলতে পারি! এমন কিছু, যাকে সিংহটা খেতে চাইবে না!" হুম... আহা! "ইশ, আমি যদি একটা পাথর হয়ে যেতে পারতাম!"—সে মনে মনে বলল। আর অমনি—চমৎকার! সে একটি পাথরে রূপান্তরিত হয়ে গেল। ছোট্ট ভালুকটি বেঁচে গেল!

কিন্তু জাদুর নুড়িপাথরটি পথেই পড়ে গিয়েছিল। "ওহ, সর্বনাশ!"—ভাবল ছোট্ট ভালুকটি। "আমি তো এখন পাথরের রূপেই আটকা পড়ে গেলাম!"

এদিকে, ছোট্ট ভালুকটির বাবা-মা ভীষণ চিন্তিত হয়ে পড়লেন। "প্রায় অন্ধকার হয়ে এল যে! আমাদের বাচ্চাটা এখনো ফিরে এল না কেন?"—বললেন মা ভালুকটি। তাঁরা দুজনে মিলে বনের এদিক-সেদিক ঘুরে অন্য পশুদের জিজ্ঞেস করতে লাগলেন, "তোমরা কি কোথাও একটা ছোট্ট ভালুককে দেখেছ?" কিন্তু কেউ-ই তাকে দেখেনি।

প্রতিদিন বাবা ও মা ভালুক বাইরে বেরিয়ে তাদের সন্তানকে খুঁজতে যেতেন। প্রতিদিন তাঁরা সবার কাছে তার খোঁজখবর নিতেন। আহা, বেচারা ভালুক দম্পতি! তাঁরা দিন দিন আরও বেশি বিষণ্ণ হয়ে পড়ছিলেন। তবুও তারা তাদের খোঁজ করা থামালেন না





একদিন বিকেলে, তাঁরা নদীর পথের ধারে পড়ে থাকা একটি বিশাল পাথরের ওপর বসে পড়লেন। "একটু জিরিয়ে নিই," তাঁরা একে অপরকে বললেন—"তারপর আবার পথ চলা শুরু করব।" তাঁরা কী করে জানবেন যে, এই পাথরটিই আসলে তাদেরই অতি আদরের ছোট্ট ভালুকটি!

নিজের বাবা-মাকে দেখে ছোট্ট ভালুকটি ভীষণ—ভীষণ খুশি হয়ে উঠল! কিন্তু সে তো আর তাদের নিজের মনের কথা জানাতে পারছিল না। সে নড়াচড়া করতে পারছিল না, এমনকি মুখ ফুটে কোনো শব্দও করতে পারছিল না। এরপর ছোট্ট ভালুকটির মা পথের ধার থেকে নুড়িপাথর কুড়াতে শুরু করলেন। "আহা, আমাদের বাচ্ছাটি যদি এই নুড়িপাথরগুলো দেখতে পেত!" তিনি বললেন। "ও নিশ্চয়ই এগুলো নিজের সংগ্রহের তালিকায় যোগ করতে খুব ভালোবাসত!"

এরপর ছোট্ট ভালুকটির বাবাও এসে তাঁর সাথে যোগ দিলেন। হৃদয়ে অজস্র স্মৃতি নিয়ে তাঁরা এক ডজন সুন্দর নুড়িপাথর কুড়ালেন এবং সেগুলোকে পাথরের ওপর স্তূপ করে রাখলেন। অবশ্যই, সেই নুড়িপাথরগুলোর একটি ছিল বাচ্চা ভালুকটির সেই জাদুর নুড়িপাথর!

ছোট্ট ভালুকটির মা সবকটি নুড়িপাথর গোল করে সাজালেন—ঠিক যেভাবে তাঁর বাচ্ছাটি সাজাত। সূর্যের তীব্র আলো পাথরের ওপর এসে পড়ল; সেই তাপে পাথরটি উষ্ণ হয়ে উঠল এবং নুড়িপাথরগুলো চকমক করে উঠল।

আর ঠিক তখনই—জাদু! যেখানে পাথরটি ছিল, সেখানে এখন দাঁড়িয়ে ছিল তাঁর অতি আদরের বাচ্চাটি! এতক্ষণ ধরে বাচ্চা ভালুকটি মনে মনে ভাবছিল, "মা, বাবা—আমিই তো তোমাদের সেই বাচ্চা! আহা, আমি যদি আবার একটা ভালুক হতে পারতাম!" যেই মুহূর্তে তার মা সেই জাদুর নুড়িপাথরটি পাথরের ওপর রাখলেন, অমনি জাদু কাজ করে বসল!

এখন চারদিকে শুধুই আনন্দের বন্যা। বাচ্চাটির বাবা-মা তাকে কোলে তুলে নিলেন এবং খুব শক্ত করে জড়িয়ে ধরলেন। তাঁরা তাকে শূন্যে ছুড়ে ছুড়ে আদর করলেন। বাড়ি ফেরার আগে, তাঁরা তিনজন মিলে দীর্ঘক্ষণ ধরে খেলাধুলা করলেন।

উইলিয়াম স্টেইগ-এর লেখা 'সিলভেস্টার অ্যান্ড দ্য ম্যাজিক পেবল' অবলম্বনে



© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi

L. S. Saraswathi S. Rajalakshmi

Bengali Sriparna Tamhane

Artist Uma Krishnaswamy

জেলে ও রাক্ষস


সমুদ্রের ধারে এক গ্রামে এক গরিব জেলে বাস করত। প্রতিদিন ভোরবেলা সে নৌকা বেয়ে সমুদ্রের অনেক গভীরে চলে যেত। সে সবসময় ঠিক ততটুকুই মাছ ধরত, যা দিয়ে তার কোনোমতে দিন গুজরান হয়ে যেত।

এই জেলে তার যৌবনকালে একটি ব্রত নিয়েছিল—সে দিনে ঠিক তিনবারই তার জাল ফেলবে। সেই ব্রত সে গত এতগুলো বছরে একবারও ভঙ্গ করেনি।

আজ তার প্রথম বারের জালে খুব ভারী কিছু একটা উঠে এল। অসীম কষ্টে সে সেটা টেনে নৌকায় তুলল। হায় রে! ওটা ছিল সদ্য নিহত কোনো পশুর মৃতদেহ।

দীর্ঘশ্বাস ফেলে সে জালটি খুলে দিল এবং মৃতদেহটি আবার জলে ফেলে দিল। দ্বিতীয়বারের মতো জাল ফেলে সে আবার সেই ভারী জালটি নৌকায় তুলতে গিয়ে হিমশিম খেল। এবার জালে আটকে ছিল একটি বিশাল মাটির পাত্র।

পাত্রটির ভেতরে কি সোনা আছে? নাকি রুপোর মুদ্রা? হায়, না! ওটা ছিল পাথর, কাদা আর কাঁচের ছোট ছোট টুকরোয় পূর্ণ।



"হে ঈশ্বর!" জেলেটি আর্তনাদ করে উঠল। "আজ অন্তত একটা মাছ ধরার সুযোগ আমাকে দাও!" এই বলে সে তৃতীয়বারের মতো তার জাল ফেলল।

এবার জালে যা উঠল, তা আগের বারের চেয়েও ভারী ছিল। কী অবাক কাণ্ড! এর ভেতরে ছিল কেবল একটি ছোট পিতলের কলসি। কিন্তু জেলেটি তাতে যারপরনাই খুশি হলো। "এই সুন্দর কলসিটা বিক্রি করেই আজ রাতের খাবারের খরচ উঠে আসবে!" সে মনে মনে ভাবল।

দ্রুত সে নৌকা বেয়ে তীরে ফিরে এল। নৌকা থেকে লাফ দিয়ে সে ডাঙায় উঠল। তারপর কলসিটির মুখ খুলে সে উঁকি দিয়ে ভেতরে তাকাল।


হঠাৎ কলসির মুখ দিয়ে কালো ধোঁয়ার কুণ্ডলী পাকিয়ে ওপরে উঠতে লাগল। ধোঁয়াটা ধীরে ধীরে আকাশের দিকে উঠতে দেখে জেলেটি ভয়ে পিছিয়ে গেল। জমাট বেঁধে যখন ধোঁয়াটা এক রাক্ষুসে আকৃতি ধারণ করল, তখন সে ভয়ে কাঠ হয়ে সেই দৃশ্য দেখতে লাগল। রাক্ষসটির মাথা গিয়ে ঠেকেছিল মেঘের রাজ্যে! তার চোখগুলো হীরার মতো ঝকমক করছিল! আর তার মুখটা ছিল যেন এক বিশাল গুহা!

জেলেটির হাত-পা থরথর করে কাঁপতে লাগল। বেচারা! সে পাথরের মূর্তির মতো দাঁড়িয়ে রইল এবং একদৃষ্টিতে তাকিয়ে থাকল।

রাক্ষসটি কথা বলে উঠল। "আমি তোকে মেরে ফেলব!" সে গর্জন করে বলল।

"আমাকে?" জেলেটি আর্তনাদ করে উঠল। "কিন্তু আমিই তো তোমাকে ওই কলসি থেকে উদ্ধার করেছি!" "তুমি আমাকে কেন হত্যা করতে চাও?"

"আমি তোমাকে বলব, তবে তারপরই আমি তোমাকে হত্যা করব!" সে উত্তর দিল। "কলসির ভেতর আমার প্রথম একশ বছর," সে বলতে লাগল, "আমি প্রতিজ্ঞা করেছিলাম যে, যে কেউ এই কলসিটি খুলবে, আমি তাকে বিপুল ধনসম্পদ দিয়ে পুরস্কৃত করব। কিন্তু কেউ এল না!





"পরবর্তী একশ বছরে, আমি প্রতিজ্ঞা করলাম যে, আমি তাকে নানারকম উপহার দিয়ে পুরস্কৃত করব। আবারও, কেউ এল না।

"তখন আমি আমার শেষ প্রতিজ্ঞাটি করলাম: যে আমাকে মুক্ত করবে, আমি তাকে মৃত্যু উপহার দেব—কেবল মৃত্যুই!"

"এ কি ন্যায়বিচার?" জেলে জিজ্ঞেস করল, "একটি ভালো কাজের প্রতিদান হিসেবে শাস্তি দেওয়া?" সে দৌড়ে পালাতে চাইল, কিন্তু তার পা আর তার কথা শুনল না। সে ভয়ে আড়ষ্ট হয়ে গিয়েছিল!

দানবটি জেলের দিকে এগিয়ে এল। সে ধোঁয়ার মতো মসৃণ গতিতে এগিয়ে চলল—পিছনে পায়ের কোনো ছাপ বা কোনো চিহ্নই রেখে গেল না! মাত্র কয়েক মুহূর্তের মধ্যেই সে তার শিকারের কাছে পৌঁছে যাবে।

জেলেটি মরিয়া হয়ে ভাবতে লাগল। তারপর, একেবারে শেষ মুহূর্তে, সে দানবটির চোখের দিকে সরাসরি তাকাল এবং বলল, "হে শক্তিমান! তুমি কী অসাধারণ! তোমার বিশাল আকৃতি অবিশ্বাস্য—তোমার মাথা যেন আকাশচুম্বী! তোমার পায়ের কড়ে আঙুলের নখটিও তো এই কলসির চেয়ে বড়!"

দানবটি গর্বে ফুলে উঠল।

"তবে একটি প্রশ্ন আমাকে খুব ভাবাচ্ছে," জেলেটি বলে চলল। "তুমি কীভাবে তোমার বিশাল শরীরটা পুরোটা এই কলসির ভেতর আটকালে—সেখানে এত দীর্ঘ সময় ধরে থাকার কথা তো বাদই দিলাম?"

মুহূর্তের মধ্যেই দানবটি বলল, "আমি তোমাকে দেখিয়ে দিচ্ছি।" সে আকারে ছোট হতে লাগল—আরও ছোট, আরও ছোট। যখন সে যথেষ্ট ছোট হয়ে গেল, তখন সে কলসির ভেতর ঢুকে পড়ল। জেলেটি কলসির ঢাকনাটি খপ করে ধরে ফেলল এবং শক্ত করে আটকে দিল।

"বাঁচাও! বাঁচাও!" দানবটি আর্তনাদ করে উঠল। "আমাকে বের হতে দাও! আমি তোমাকে একজন ধনী মানুষ বানিয়ে দেব!"

কিন্তু জেলে বলল, "আরও এক হাজার বছর ওখানেই বন্দি হয়ে থাকো!" এই বলে সে কলসিটি আবার সমুদ্রের গভীরে ছুঁড়ে ফেলে দিল। নিজের ক্ষুধার কথা ভুলে গিয়ে সে দ্রুত পায়ে বাড়ির দিকে রওনা হলো। প্রাণে বেঁচে ফিরতে পেরে সে ছিল পরম কৃতজ্ঞ!

'এক হাজার এক আরব্য রজনী' থেকে সংগৃহীত একটি গল্প



© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi

L. S. Saraswathi S. Rajalakshmi

Bengali Sriparna Tamhane

Artist Uma Krishnaswamy

জ্ঞানই সম্পদ

একদা তিন ভাই ছিল। তারা স্কুলে খুব ভালো পড়াশোনা করত এবং বড় হয়ে অত্যন্ত বুদ্ধিমান হয়ে উঠল। কিন্তু স্কুলের পাঠ শেষ হওয়ার পরেও, জ্ঞানের জন্য তাদের তৃষ্ণা বিন্দুমাত্র মিটলোনা।

তারা তাদের বাবাকে বলল, "আমরা নক্ষত্র ও গ্রহ-উপগ্রহ সম্পর্কে জানি। উদ্ভিদ ও প্রাণীরা কীভাবে বেড়ে ওঠে, তা-ও আমাদের জানা আছে। আমরা প্রাচীন সব কাহিনি পড়েছি। এখন আমরা আরও অনেক কিছু শিখতে চাই।"

বাবা উত্তর দিলেন, "বৎসরা, বই পড়ে তোমরা যতটা শেখা সম্ভব, তার সবটাই শিখে ফেলেছ। এখন সময় হয়েছে তোমাদের পৃথিবীটা দেখার!"

তাই ভাইয়েরা তাদের ব্যাগপত্র গুছিয়ে নিল। যখন তারা যাত্রার জন্য প্রস্তুত হলো, বাবা অশ্রুসজল নয়নে তাদের বুকে জড়িয়ে ধরলেন।



তিনি তাদের হাতে ভ্রমণের খরচ বাবদ কিছু অর্থ তুলে দিলেন। তিনি তাদের নির্দেশ দিলেন—সবকিছু গভীরভাবে নিরীক্ষণ করতে এবং যা দেখবে, তা মনে রাখতে। এরপর তিনি তাদের আশীর্বাদ জানিয়ে বিদায় দিলেন।

সেই তিন ভাই দেশ-দেশান্তরে ঘুরে বেড়াল। তারা অনেক নতুন বিষয় শিখল। আর তাদের জীবনে ঘটল নানা রোমাঞ্চকর সব ঘটনা!

একবার একটি শুকনো ও ধুলোমাখা পথে তারা এক সিপাহির দেখা পেল...

১ম ভাই: শুভ সকাল, মহাশয়! আপনি কি কোনো উট খুঁজছেন?

২য় ভাই: উটটির কি বাম চোখটি অন্ধ?

৩য় ভাই: উটটির পিঠে কি কোনো নারী চড়েছিলেন?

সিপাহি: থামো! তোমরা আমার উটটিকে কোথায় দেখেছ?

১ম ভাই: মহাশয়, আমরা তো উটটিকে চোখেই দেখিনি!

সিপাহি: তাহলে তোমরা উটটি সম্পর্কে এত কিছু জানলে কীভাবে? মিথ্যুক কোথাকার! চোর সব! আমি তোমাদের রাজার কাছে নিয়ে যাব!

সিপাহি তাদের রাজার বিচারসভায় নিয়ে গেল। সে রাজাকে জানাল যে, ওই ভাইয়েরা তার উটটি সম্পর্কে কত বিস্তারিত তথ্য জানে।

রাজা: যুবকরা! তোমরা দাবি করছ যে আমাদের এই সিপাহির উটটিকে তোমরা চোখেই দেখনি। অথচ উটটি সম্পর্কে তোমরা সব তথ্যই জানো। এর একটা ব্যাখ্যা দাও!

৩ ভাই: মহারাজ! আমরা চোর নই! আমাদের বিচারবুদ্ধি ও জ্ঞানের মাধ্যমেই আমরা উটটি সম্পর্কে জানতে পেরেছি।

রাজার সভাসদদের সবাই হো হো করে হেসে উঠল।

রাজা: বিচারবুদ্ধি আর জ্ঞান, তাই না? বেশ, দেখা যাক!

তিনি তাঁর ভৃত্যদের কানে কানে কিছু নির্দেশ দিলেন। ভৃত্যরা সভা থেকে বেরিয়ে গেল এবং কিছুক্ষণ পর একটি বিশাল বাক্স কাঁধে করে ফিরে এল। তারা বাক্সটি রাজার সামনে নামিয়ে রাখল।

রাজা: এবার তোমাদের বুদ্ধিমত্তার প্রমাণ দাও। বলো তো, এই বাক্সের ভেতরে কী আছে?

১ম ভাই: এটি বেশ হালকা ওজনের কিছু একটা।

২য় ভাই: এটি দেখতে গোলাকার। তৃতীয় ভাই: এটি একটি ডালিম!

রাজা বাক্সটি খুললেন।

রাজা: একি! তোমরা কীভাবে তা বুঝতে পারলে?



প্রথম ভাই: আপনার লোকেরা বাক্সটি খুব সহজেই বহন করে আনল, যদিও এটি বেশ বড়। তাই আমি বুঝতে পারলাম যে, এর ভেতরে নিশ্চয়ই হালকা ওজনের কিছু আছে।

দ্বিতীয় ভাই: আমি বাক্সের ভেতর কিছু একটা গড়িয়ে বেড়ানোর শব্দ শুনতে পেলাম। তাই আমি নিশ্চিত হলাম যে, বস্তুটি নিশ্চয়ই গোলাকার।

তৃতীয় ভাই: এই রাজপ্রাসাদের ঠিক বাইরেই একটি ডালিম বাগান রয়েছে। আপনার ভৃত্যরা সেখানে গিয়ে খুব দ্রুতই ফিরে এল। তাই আমি অনুমান করলাম যে, বাক্সটির ভেতরে একটি ডালিমই আছে।

রাজা: সাবাশ! এবার আমাকে সেই উটটির কথা বলো।

প্রথম ভাই: আমি পথের ওপর উটের পায়ের ছাপ দেখতে পেলাম। তাই আমি বুঝতে পারলাম যে, একটি উট ওই পথ দিয়ে গেছে।

দ্বিতীয় ভাই: পথের ডান পাশে জন্মানো ঘাস ও ঝোপঝাড়গুলো সদ্যই খাওয়া হয়েছে বলে মনে হলো। কিন্তু বাম পাশের ঘাসগুলোতে খাওয়ার কোনো নতুন চিহ্ন ছিল না। তাই আমি অনুমান করলাম যে, উটটির বাম চোখটি অন্ধ।

তৃতীয় ভাই: আমি লক্ষ্য করলাম যে, উটটি পথের পাশে হাঁটু গেড়ে বসেছিল।

ঠিক তার কাছেই আমি এক নারীর স্যান্ডেলের ছাপ দেখতে পেলাম। তাই আমি অনুমান করলাম যে, একজন নারীই উটটির পিঠে চড়ে আসছিলেন।

রাজসভার সকল সভাসদ হাততালি দিয়ে উঠলেন।

রাজা: হে তরুণগণ, তোমাদের জ্ঞান ও দক্ষতা আমার দেখা অন্য যেকোনো কিছুর চেয়ে অনেক বেশি বিস্ময়কর। তোমরা দয়া করে এখানেই থেকে যাও এবং আমার উপদেষ্টা হিসেবে কাজ করো!

একটি এশীয় লোককথা

© Katha Jharna 2008

Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation

P. Saraswati V. Vijayakanthi

L. S. Saraswathi S. Rajalakshmi

Bengali Sriparna Tamhane

Artist Uma Krishnaswamy


সমান ভাগ

একদা রামু ও সোমু নামে দুই ভাই ছিল। তারা প্রতিবেশী হিসেবে বেশ শান্তিতেই বসবাস করত, কিন্তু একদিন...

সোমু রামুকে বলল, "চলো, আমাদের যা কিছু আছে—গরু, আমগাছ, কম্বল—সবকিছুই আমরা নিজেদের মধ্যে সমান ভাগে ভাগ করে নিই। কী, রাজি তো?" রামু এতে সম্মত হলো।

"বেশ!" সোমু বলল। "গরুটার সামনের দিকটা তুমি নাও, আর আমি নেব পেছনের দিকটা। আমগাছটার নিচের অংশটা তুমি রাখো, আর আমি নেব ওপরের অংশ। আর কম্বলের ব্যাপারে বলি—দিনের বেলা ওটা তুমি ব্যবহার করবে, আর রাতে আমি। রাজি?" সে তার ভাইকে জিজ্ঞেস করল। রামু সরল মনে বলল, "ঠিক আছে, চলো তা-ই করি।"





সেই দিন থেকে রামু গরুকে খাওয়াত, কিন্তু সোমু গরুর দুধ দোহাত এবং সেই দুধ বিক্রি করে দিত। রামু আমগাছে জল দিত, কিন্তু আমগুলো পাড়ত সোমু।

দিনের বেলা কম্বল দিয়ে রামুর কোনো কাজই থাকত না। রাতে সে শীতে কাঁপতে কাঁপতে নিদ্রাহীন রাত কাটাত। পাশেই সোমু কম্বল মুড়ি দিয়ে বেশ আরামদায়ক উষ্ণতায় নিশ্চিন্তে ঘুমাত।

একজন বৃদ্ধ এই পুরো ঘটনাটি লক্ষ্য করলেন। তিনি রামুকে কাছে ডাকলেন এবং তার কানে কানে কী যেন ফিসফিস করে বললেন। ওহ! রামুর মুখের অভিব্যক্তি তখন কতই না বিচিত্র হয়ে উঠল! অবশেষে সে হো হো করে হেসে উঠল এবং দৌড়ে বাড়ি ফিরে গেল।


পরের দিন রামু কম্বলটির ওপর জল ঢেলে দিল। সেই রাতে কম্বলটি তখনও ভেজা ছিল। ফলে সোমু সেটি একদমই ব্যবহার করতে পারল না! সে শীতে কাঁপতে কাঁপতে নিদ্রাহীন রাত কাটাল। সকালে সে রামুকে জিজ্ঞেস করল, "তুমি কম্বলটার ওপর জল ঢেলে দিলে কেন?"

"দিনের বেলা কম্বলটা আমার," রামু বলল। "আমি ওটা দিয়ে যা খুশি তাই করতে পারি!"

সোমু যখন গরুর দুধ দোহাতে শুরু করল, তখন রামু গরুর দড়িটা সজোরে টান দিল। এতে গরুটা রেগে গেল এবং সোমুকে সজোরে লাথি মারল। দুধ সব চারদিকে ছড়িয়ে পড়ল।

"তোমার হলোটা কী?!" সোমু চিৎকার করে উঠল। "তুমি কি পাগল হয়ে গেলে নাকি?"


"গরুটার সামনের দিকটা তো আমার," রামু উত্তর দিল। "আমি যদি দড়িটা টানতে চাই, তাতে তোমার কী বলার আছে?"



সোমু আমগাছটির ছায়ায় গিয়ে শুয়ে পড়ল। রাগে-ক্ষোভে ক্লান্ত হয়ে সে একসময় ঘুমিয়ে পড়ল। ঠিক তখনই হঠাৎ করে শোনা গেল—"ঠক, ঠক!" কুড়ালের শব্দ ভেসে এল। বিস্ময়ে চোখ মেলে চাইল সোমু। গাছের অন্য পাশে দাঁড়িয়ে ছিল রামু। সে গাছটি কাটতে শুরু করেছিল! "এ তুমি কী করছ?" আর্তনাদ করে উঠল সোমু।

"গাছের গোড়ার অংশটুকু তো আমারই নিজস্ব সম্পত্তি," বলল রামু। "আর আমি সেটাই কাটছি!"

সোমু বুঝতে পারল যে, সে আর তার ভাইকে বোকা বানাতে পারবে না। সেই দিন থেকে তারা দুজনে গরুর দুধ আর আম ভাগ করে নিতে লাগল। সেগুলো বিক্রি করে তারা প্রাপ্ত অর্থ সমানভাগে ভাগ করে নিত। আর কম্বলের ব্যাপারে তারা পালা করে ব্যবহার করত— এক রাতে সোমু ব্যবহার করত, তো পরের রাতে রামু।



© Katha Jharna 2008
P. Saraswati V. Vijayakanthi
L. S. Saraswathi S. Rajalakshmi
Publisher Rajalakshmi Srinivasan Memorial Foundation
Bengali Sriparna Tamhane
Artist Uma Krishnaswamy

৪০ কাঠবিড়ালির ডোরাকাটা দাগ

রাক্ষসরাজ রাবণ ছিলেন এক অত্যন্ত শক্তিশালী রাজা। একদিন তিনি রামের স্ত্রী সীতাকে হরণ করলেন এবং নিজের উড়ন্ত রথে করে তাঁকে নিজের রাজ্য লঙ্কায় নিয়ে গেলেন।

